



Vol.20, No.3 & 4

GANDHI NEWS

গান্ধী সংবাদ

October 2025 to March 2026



BULLETIN OF
Gandhi Memorial Museum

Gandhi
news
গান্ধী
সংবাদ

October, 2025 to March, 2026

Editor : Professor Jahar Sen

সম্পাদক : অধ্যাপক জহর সেন

Contribution : Rs. 30/-

বিনিময় : ৩০ টাকা


GANDHI NEWS

গান্ধী সংবাদ

অক্টোবর, ২০২৫-মার্চ, ২০২৬

সূচিপত্র

১. Editorial	: Experiment with Truth	০৫
২. Book Review : RETURN TO GANDHI		০৭
৩. Prof. Nirmal Kumar Basu	: Economic and Social Change Their Inequality	১০
৪. Gandhi's Letter : STUDENTS' SHAME		১৩
৫. আশীষ লাহিড়ী	: গান্ধী, সাভারকর, রবীন্দ্রনাথ	১৫
৬. নেহরু সম্পর্কে আজাদ		২২
৭. আজাদ সম্পর্কে নেহরু		২৪
৮. সত্যব্রত চট্টোপাধ্যায়	: শান্তিনিকেতনের কিছু মধুর স্মৃতি মহাত্মা গান্ধী ও শান্তিনিকেতন	২৬
৯. জহর সেন	: মহাত্মা গান্ধীর জীবনে শ্রীমন্তগবদ্ গীতা	৩০
১০. Director-Secretary's Report	: Director-Secretary's Report on the Programme and Activities at Gandhi Smarak Sangrahalaya, Barrackpore, from October, 2025 to March, 2026	৩৬



Experiment with Truth



In the upper classes in our school, Rajshahi Lokenath Higher English School, we read a book entitled *My Early Life* (1869-1914) written by Mahatma Gandhi. The book was arranged and edited by Mahadev Desai. It was first published by Humphery Milford, Oxford University Press in 1930. The sixth impression was published in 1940. I am in possession of this precious edition.

In the foreword to the book Mahadev Desai writes,

“The search for and devotion to truth, not only meaning veracity, but truth which is synonymous with god and hence is intimately linked with love or Non-

Injury burns throughout the early period with a steady unflickering flame. The courage which one finds equal to grappling with mighty potentate and powers has its root in that sleepless devotion to truth which cannot be lived without love; courage which thus becomes sacred and makes him, in Emerson’s Language, “Everywhere a liberator, but of a freedom ... that is ideal ... free to speak truth, not free to lie, free to serve, not free to exploit, free to sacrifice himself, not free to kill or injure—that sacred courage will be found in an ample measure even in the period before 1914.

The year 2025 marked the centenary of the serialization of Gandhi’s autobiography originally written in Gujrati. The first chapter appeared in *Navajivan* on 29th November 1925. It

Editorial

continued until 3 February 1929. It was translated into nearly 50 languages. It was read across continents and generations. Gandhi wrote at the outset, “I am not writing my autobiography to recount my achievements but to describe my experiment with truth.”

He wrote the autobiography at Sabarmati Ashram between 1925 and 1929. One hundred and sixty-six (166) chapters were serialized in his Gujrati weekly *Navajivan*. The English version was translated by Mahadev Desai, his personal secretary. Desai died at Agakhan’s Palace. Pyarelal translated the reaming chapters 29-43. The autobiography appeared concurrently in *Young India* from 3 December 1925 to 7 February 1929.

The book covers his life from childhood until 1921. It contains ‘Himalayan blunder’ Gandhi committed, his struggles with carnal passions, the guilt he felt deeply over his father’s death and Satyagraha in South Africa.

Navajivan Trust reports almost over 60 lakh of English and Hindi copies have been sold with Malayalam (9.12 lakhs) followed by Tamil (7.75 lakh). Translated into about 50 languages, the autobiography remains a best-seller. It has cross-cultural appeal. Remchandra Guha writes,

“Gandhi was a rare leader who operated in the light of the day. By publishings his experiments weekly, he was inviting his followers to judge him, to criticize him and to grow with him. It turned politics into a collective moral quest.”



Return to Gandhi

Gandhi and Civil Disobedience. The Mahatma in Indian Politics 1928-1934.


By *Judith M. Brown*

(Cambridge University Press, £6.)

Miss Brown's second book on Gandhi differs from her first (*Gandhi's Rise to Power : Indian Politics 1915-1922*) in several ways. It is a political biography rather than political history grouped round a biography. It has given up the die-hard Namierite approach for a more sympathetic view of Gandhi and a more perceptive analysis of his ideas. Fully attentive to the local of politics in the contemporary Cambridge tradition, she tries to integrate the locality, the province and the nation in contrast not only to the simplistic explanation of Indian politics as an encounter between imperialism and nationalism but also to the more sophis treated explanation in terms of regional diversities and local drives which denies nationalist inspiration. Lastly, she has put primary stress on changes in Gandhi's leadership position rather than on the civil disobedience campaign itself.

The regional variations in the forms which civil disobedience took and the

depths of support it gathered have been well mapped with relevant statistics on prices and prosecutions. Local issues and crives came to the fore, exces, and only Hindu urban areas in Bombay city. Four provinces, and only Hindu urban areas in them, were most affected. The NWFP was a special case. The Thakurdas papers throw light on the motive and extent of mereantile support. The Bombay cloth-dealers were pressing for compromise by September 1930. The high



degree of social solidarity among the Gujarat patidars explains the tenacity of struggle in that province as that of the Mahisya community of Midnapur explains the success of the campaign against the Chaukidari tax in Bengal. The situation in U.P. has

been analyzed in the context of agricultural slump, acute cash problems and zamindar-peasant relations. Satyagraha against for estlaws rocked C.P. as excise issues dominated Madras and Bihar. Deep support developed where local leaders adapted the campaign to local needs. The major factors behind loss of elan were exhaustion of Congressmen, withdrawal of financial support by merchants and Muslim neutrality.

Gandhi was now called upon to perform the role of a negotiator which he hesitated to take in view of Jawaharlal's known hostility. But Irwin's shrewd bait of a responsible federal centre and Motilal's death made the son vulnerable to the elder man's influence. The leftists refused to consider the Gandhi-Irwin pact as peace with honour and forced him to accept the Karachi resolutions on fundamental rights. Subhash Bose openly challenged his leadership.

A new cold wind blew with Willingdon's assumption of power and the Congress could hope for no more concessions. An irate Jawaharlal, who led the no-rent campaign in U.P., and V. Patel who spoke for the Gujarati peasants (whose lands had been for feited and sold), on the one hand and Emerson and Hailey, on the other, made the 'one man policing' of the pact impossible for Gandhi. He advised caution to his clients which lost them rural support. Pandey's unpublished Oxford thesis reveals the Congress leaders' ambivalence towards Kisan agitation. The August Sattlement reflects the conflicting pulls on Gandhi.

Miss Brown is rightly critical of his absorption in such minor details while important constitutional talks were going on in London.

But, in the changed political context of the second R.T.C., with the Tories dominating a national Government, how could he hope to hold his own against the

Princes, now indifferent to the federal idea, the Muslims, insistent on prior provincial autonomy with safeguards even in Punjab and Bengal, and the depressed classes, clamouring for a separate share of Hindu power? The minorities gang-up was skilfully stoked by Hoare, and the determined stand of the conservative majority for British interests and financial control, the ramifications of which have been revealed by Tomlinson.

The second phase of the movement scarcely took off. Bengali terrorism, Pathan search for identity and U.P. peasant unrest were difficult to reconcile in a stifling atmosphere of "Ordinance raj." Gandhi's options were curtailed by the drastic repression let loose by Willingdon, who refused to see Gandhi even at Hoare's instance, colling him "a short of Jekyll & Hyde", and "the most Machiavellian bargaing lettle humbug I have ever come across." The Congress programme of action, changed since 1929, was losing its appeal when constitutional proposals were going to bear fruit. The movement did not strike local roots except in certain areas, such as West Bengal, where local grievances, like resettlement of the Chaukdari tax, could still be exploited. In U.P. the no-rent campaign faltered as prices began to rise Government made remissions. The Sikhs were indifferent. The reserves of morale and finance were running out in Mahadev Desai's admission. The Raj did not need

Gandhi but a reforms package to ensure support from its collaborators—Muslims and the depressed classes—through a Communal Award.

The Poona Pact, following Gandhi's fast, was much resented by the Bengali Hindus. The new role of Gandhi, the champion of the untouchables, was a political disaster for the bhadralek. The white paper drew the moderates, some Congressmen and the nationalist Muslims together to push the cause of conciliar politics, if only to prevent reactionaries from capturing the new seats of power. Gandhi's individual Satyagraha or constructive programme was the pathetic response of a man placed unenviably between constitutionalists, eager for a settlement, and the Congress, incapable of leading a mass campaign correctly.

Shastri bluntly asked him to retire so as to clear the deck and the formation of the

Swarajya Party and the Nationalist Party were notices to quit. The Congress no longer cared for unity but was being pulled in different directions by Ansari and Malaviya on the issue of the Communal Award. If Gandhi liked councilentry little, he liked socialism less and felt troubled by its increasing appeal.

Civil disobedience was, however, not an entire failure. Gandhi provided the Congress with a pedigree. It became an active all India party with grass root affiliations and an aura of struggle and sacrifice. Its reputation was registered in the elections of 1937-67. Its legacy was political capital on which the Congress was to live for three more decades. Nor did Gandhi's retirement mean complete effacement. His hand drafted the new constitution of the Congress and men still held the majority of its Working Committee, a fact which Subhas ignored to his cost at Tripuri.

—*Amalesh Tripathi*



People gather on the banks of the Sabarmati River to hear Mahatma Gandhi speak before starting out on the Salt March in 1930

Economic and Social Change Their Inequality

Prof. Nirmal Kumar Basu

Introduction

Nineteen years after the attainment of independence, the problem of national integration has been exercising the minds of India's leaders in a rather distressing manner. Many suggestions have been made so that the spirit of nationalism may become more firm than it is today. As students of social science, we should therefore try to find out what exactly is the situation, and what are the problems involved in it.

I am extremely grateful to the Director of the Indian Institute of Advanced Studies in Simla for this opportunity of doing a little loud thinking in this connexion.

In general usage, a nation is a community which inhabits a common territory, lives under one State, i.e. shares one administration, and is also marked by certain commonness in culture. The latter often result from frequent intercommunication, and living under one political or administrative system.

From this point of view, India was hardly a nation before the advent of British rule. Undoubtedly large parts of the country were occasionally brought under common rule as under Asoka or Akbar; but these

were transient phenomena in the political history of the land. In the past, movement from one part of the country to another was difficult; so that it is natural that in a populous country like India, with numerous distinctive geographical regions, there should grow up many kingdoms instead of a single, permanent State.

Yet, it is interesting that Indians in the past succeeded in building up a cultural unity based on religion, social systems and a, more or less, uniform body of laws. This has been rightly emphasized by Radhakumud Mookherji in his *The Fundamental Unity of India* (London, 1914), and by Gertrude Emerson Sen in her *Cultural Unity of India* (The Publications Division, Govt. of India, 1956). Life in the villages was ruled by caste panchayats and colleges of Brahmins. The latter were under the direct authority of local kings, or of *mutts* of one religious denomination or another. Even in the latter case, the ultimate executive authority rested with the king.

It is not our intention to deal with the past of India, but with what happened to India after it passed under British rule.

Nature of the Impact on Caste

The British first came to India for commercial purposes. They had been preceded by the Portuguese, Dutch and the French. The French became involved in the political affairs of the country; and so were the British after them.

Railways were built in India in the middle of the nineteenth century. This had been preceded by a uniformity of administration. There was peace in the land, people took to education, migrated from villages to the towns which grew in number, and began to make their living by what might be called non-caste occupations. Services in administration or commercial houses were thrown open in large numbers to men of all castes; and people flocked to them when their traditional, hereditary occupations no longer sufficed.

Thus Brahmins became engineers or physicians, Sudras became schoolmasters or tradesmen and so on. A new opportunity was thus thrown open to those who had the advantage of education in the fast growing towns; and a professional middle class began to grow up in various parts of the country. This class gathered within its fold men from many castes, but not from all. Some caste occupations had been seriously dislocated by the spread of British

commerce and industry, others had been less affected by it. Moreover, as a large fraction of the population still remained rural, where life continued to be governed by the rules of caste, even those who came to towns showed a degree of preference or avoidance of particular kinds of urban occupation available in towns without reserve, and drifted into chosen ones, just as they also drifted to particular localities in the cities.*

The villages were also altered in character. A large part of its elite passed out from them, many of the services or pleasures which were available when the rich largely lived in their village homes were thus removed. But a deeper change also began to affect the life of those who remained behind. Agriculture was principally, though not wholly, for local consumption in the past. But with the growth of British commerce and its consequent network of roads and railways agriculture largely became commercialized all over India. Some parts began to grow cotton or jute, some mainly oilseeds, or exclusively rice and so on. This snapped the traditional interdependence between those who still practised caste-based occupations. But the advantage was that this change in agriculture could now cater to a larger population per square mile of land than was

* See, for instance,

Bose, Nirmal Kumar : 'Calcutta : A Premature Metropolis' in *Scientific American*, September 1965. Pp. 90-102.

also 'A Social Survey of Calcutta' in *Science and Culture*, Vol. 31, Pp. 594-605, December 1965.

perhaps possible in earlier times. This statement may perhaps be questioned; but one thing is certain. With increased mobility of occupation, and a promise of better profit, the standard of living and comfort among favoured sections of the community tended to rise. The distance between the rich and the poor also tended to become aggravated. And those who could accumulate money tended to hive off into the towns, as others belonging to the upper castes and already done.


Unequal Economic Change

The facts outlined above are so well known that they need not have been repeated in the present context, except for a very special reason. Several distinguished anthropologists or sociologists and economic historians have made a special study of changes brought about in Indian society by the spread of the British form of commercial capitalism. But what is

important for our present purposes is that economic change did not affect different parts of the country to the same extent. If economic effects were unequal, so were their social accompaniments. And this inequality has had grave consequences upon Indian life and politics as she gained her freedom, and the need of building up a new life under the stress of modern world conditions became more and more urgent.

Due to the pressure of modern life and British rule, not only did different parts of the country like Bengal and Uttar Pradesh, Maharashtra and Madras, Punjab and Bihar behave differently; but different parts of the Bengali or Bihari speaking population also reacted in a very unequal manner. This has already been hinted at in a previous section; but the importance or significance of this inequality becomes greater as we come nearer our times, and watch political events in the country as India tries to build up a new Constitution, and through it, a new society.





Gandhi's Letter

STUDENTS' SHAME

"I have a fear that the modern girl loves to be Juliet to half a dozen Romeos. She loves adventure....She dresses not to protect herself from wind, rain and sun, but to attract attention. She improves upon Nature by painting herself and looking extraordinary. The non-violent way is not for such girls."

There is a most pathetic letter from a college girl in the Punjab lying on my file for nearly two months. Want of time was but an excuse for shirking the answer to the girl's question. Somehow or other, I was avoiding the task, though I knew the answer. Meanwhile, I received another letter from a sister of great experience, and I felt that I could no longer evade the duty of dealing with the college girl's very real difficulty. Her letter is written in chaste Hindustani. I must try to do as much justice as I can to the letter, which gives me a perfect picture of her deep feeling. Here is my rendering of a portion of the letter :

"To girls and grown-up women there come times, in spite of their wish to the contrary, when they have to venture out alone, whether they are going from one place to another in the same city, or from one town to another. And when they are thus found alone, evil-minded people pester them. They use improper or even indecent language, whilst they are passing by. And if fear does not check them, they do not hesitate to take further liberty. I should like to know what part non-violence can play on such occasions. The use of violence is, of course, there. If the girl or the woman has sufficient courage, she will what resources she has and teach miscreants a lesson. They can, at least, kick up a row that would draw the attention of the people around, resulting in the miscreants being horse-whipped. But I know that the result of such treatment would be merely to postpone the agony, not a permanent cure. Where you know the people who misbehave, I feel sure that they will listen to reason, to the gesture of love and humility. But what about a fellow cycling by, using foul language on seeing a girl or a woman unaccompanied by a male companion? You have no opportunity of reasoning with him. There

is no likelihood of your meeting him again. You may not even recognise him. You do not know his address. What is a poor girl or a woman to do in such cases! By way of example, I want to give you my own experience of last night 26th October. I was going with a girl companion of mine, on a very special errand, at about 7-30 P. M. It was impossible to secure a male companion at the time, and the errand could not be put off. On the way, a Sikh young man passed by on his cycle, and continued to murmur something till we were within hearing distance. We knew that it was aimed at us. We felt hurt and uneasy. There was no crowd on the road. Before we had gone a few paces, the cyclist returned. We recognised him at once whilst he was still at a respectful distance. He wheeled towards us, heaven knows whether he had intended to get down or merely pass by us. We felt that we were in danger. We had no faith in our physical prowess. I myself am weaker than the average girl. But in my hands I had a big book. Somehow or other, courage came to me all of a sudden. I hurled the heavy book at the cycle and roared out: 'Dare you repeat your pranks? He could with difficulty keep his balance, put on speed and fled from us. Now, if I had not flung the book at his cycle, he might have harassed us by his filthy language to the end of our journey. This was an ordinary, perhaps, insignificant occurrence; but I wish you could come to Lahore and listen to the difficulties of us, unfortunate girls. You would surely discover a proper solution. First of all, tell me how, in the circumstances mentioned above, can girls apply the principle of *ahimsa* and save themselves. Secondly, what is the remedy for curing youth of the abominable habit of insulting womenfolk? You would not suggest that we should wait and suffer till a new generation, taught from the childhood to be polite to their womenfolk, comes into being. The government is either unwilling or unable to deal with this social evil. The big leaders have no time for questions. Some, when they hear of a girl bravely castigating ill-behaved youth, say : 'Well done. That is the way all girls should behave.' Sometimes, a leader is found eloquently lecturing against such mis-behaviour of students. But no one applies himself continuously to the solution of this serious problem.

—*Harijan, December, 31, 1938*



গান্ধী, সাভারকর, রবীন্দ্রনাথ

আশীষ লাহিড়ী

গান্ধীজির আদর্শ সমাজের আহ্বান নন্দ্র
কণ্ঠে ধ্বনিত হয়েছিল তাঁর ‘হিন্দু স্বরাজে’ :
চাই না আধুনিকতা, চাই না বিজ্ঞান, চাই না শিল্প; দাও
ফিরে সে-স্বয়ম্ভর গ্রামসমাজ, যেখানে সবাই সব
জিনিস নিজে বানায়, প্রকৃতির সঙ্গে নিবিড় আত্মীয়তা
পাতায়, পায় শুশ্রূষা, চায় না হতে আরও বড়ো। সেই
হারিয়ে-যাওয়া ‘ম্যানিফেস্টো’-গোত্রকে নতুন জন্ম
দিয়ে গেলেন ইউ আর অনন্তমূর্তি (১৯৩২-২০১৪)
তাঁর ‘হিন্দুত্ব অর হিন্দু স্বরাজ’ (২০১৬) নামক অস্তিম
পুস্তিকাটিতে। মূল কন্নড় ভাষা থেকে তার অতি স্বাদু
ইংরেজি অনুবাদ করেছেন কীর্তি রামচন্দ্র ও বিবেক
শানভাগ।

সাভারকারের হিন্দুত্ববাদী মতাদর্শ আর গান্ধীর
‘হিন্দু স্বরাজ’কে পাশাপাশি রেখে অনন্তমূর্তি তাঁর
একান্ত নিজস্ব এক ভারতদর্শন পেশ করেছেন।
সাভারকারের হিন্দুত্ববাদের সারসংক্ষেপ করেছেন
তিনি এইভাবে : সাভারকারের হিন্দু সেই যার কাছে
ভারত শুধুই মাতৃভূমি নয়, পুণ্যভূমিও বটে। তাই
মুসলমানরা আর খ্রিস্টানরা সাভারকারীয় অর্থে ‘হিন্দু’
নয়, যেহেতু ভারত তাদের কারও কারও ‘মাতৃভূমি’
হলেও, কখনোই ‘পুণ্যভূমি’ নয়।

পিছন ফিরে তিনি সাভারকারের হিন্দুত্ববাদের
মধ্যে আজকের সর্বনাশের আদি বীজ দেখতে
পেয়েছেন। তিনি দেখান, সাভারকারের হিন্দুত্ববাদী
তত্ত্ব নাথুরাম গডসের গান্ধী-হত্যার মধ্যে দিয়ে একটা
উৎকট অবয়ব পায়। গান্ধীহত্যার পরে আদালতে
নাথুরামের বিবৃতিটি সাভারকারের হিন্দুত্ববাদের এক

ধরনের তুঙ্গ-পরিণতি। সেখানে নাথুরাম গান্ধীর
রামরাজ্যের মূল শর্তটির— সংখ্যাগুরুবাদ নৈব নৈব
চ—তীব্র বিরোধিতা করেছিলেন। তাঁর অভিযোগ :
গান্ধী যথেষ্ট মুসলিম-বিরোধী নন, উপরন্তু
‘প্রতিবেশী’-র দোষগুলির প্রতি চোখ বুজে থাকার
পরামর্শ দেন। সুতরাং তিনি বধ্য।

গা শিরশির করে ওঠে গডসের সেই শীতল
যুক্তিবিন্যাস পড়লে—যা মোটেই কোনো ধর্ম-খ্যাপা
উন্মাদের বিবৃতি ছিল না, পিছনে ছিল সুচিন্তিত এক
মতাদর্শের প্রেরণা। আদালতের দীর্ঘ বিবৃতিতে তিনি
বলেছিলেন (যার স-বিশ্লেষণ বয়ান পেশ করেছেন
ইউ আর এ)—

কথাটা স্ববিরোধী শোনাতেও, তিনি (গান্ধী)
ছিলেন সহিংস এক শান্তিবাদী, যিনি সত্য আর
অহিংসার নাম করে দেশের অবর্ণনীয় বিপর্যয়
ডেকে এনেছিলেন। পক্ষান্তরে রানা প্রতাপ,
শিবাজী আর গুরু গোবিন্দ সিংহ দেশবাসীকে
যে-স্বাধীনতা এনে দিয়েছিলেন, তার জন্য
তাঁরা দেশবাসীর হৃদয়মন্দিরে চিরস্থায়ী হয়ে
বিরাজ করবেন।

অর্থাৎ গান্ধী সহিংসশান্তিবাদী, উপরন্তু
মুসলমান-বান্ধব, তাই তিনি বধ্য; আর রানা প্রতাপ,
শিবাজী আর গুরু গোবিন্দ সিংহ গডসের মতে সহিংস
মুসলমান-বিদ্বেষী, তাই তাঁরা বরণীয়। বিচারের
মাপকাঠি একটাই : মুসলমান-বিদ্বেষের মাত্রা।
নাথুরামের ভাষায়, ১৯১৬ সালের পর থেকেই গান্ধী
চালিয়ে যাচ্ছিলেন মুসলমান-ভজনার রাজনীতি।

সেই—

বত্রিশ বছরের সঞ্চিত প্ররোচনা তুঙ্গ স্পর্শ করে তাঁর (গান্ধীর) বিগত মুসলিম-সমর্থক অনশনের মধ্যে, আর সেটাই অবশেষে আমাকে তাড়িত করল, আমি সিদ্ধান্তে এলাম, গান্ধীর অস্তিত্বের অবসান ঘটতে হবে এখনই।...গান্ধীকে জাতির জনক বলে উল্লেখ করা হচ্ছে। তাই যদি হয়, তবে তিনি তাঁর পিতৃসুলভ দায়িত্বপালনে ব্যর্থ হয়েছেন, যেহেতু দেশভাগে তিনি সম্মতি দিয়েছেন।...তিনি প্রমাণ করে দিয়েছেন তিনি পাকিস্তানের জনক।

অতএব সমস্ত দিক বিচার করে, গডসে চরম সিদ্ধান্তটি নিলেন :

আমি দুহাতে শৌর্য তুলে নিলাম এবং ১৯৪৮-এর ৩০ জানুয়ারি বিড়লা হাউসের প্রার্থনা প্রাঙ্গণে গান্ধীজির ওপর পাঁচটি গুলি চালালাম। আমি স্পষ্ট করে বলব, আমার ছোড়া বুলেটগুলির নিশানায় ছিলেন এমন এক ব্যক্তি যাঁর নীতি ও কর্মকাণ্ড অযুত অযুত হিন্দুর চরম সর্বনাশ আর ধ্বংস ডেকে এনেছিল।...বর্তমান (নেহরু) সরকারের প্রতি আমার কোনো শ্রদ্ধা নেই তাদের নীতির কারণে, যা মুসলমানদের প্রতি অন্যায়ভাবে একঝাঁক।...গান্ধীর অস্তিত্বই এই নীতির জন্য সম্পূর্ণ দায়ী।

নাথুরাম সম্পর্কে ইউ আর এ-র মূল্যায়নটি যথার্থ :

তাঁর ভাবদর্শনের মধ্যে স্বচ্ছতা ছিল। তিনি যে গান্ধীর মাপের একজন মানুষকে খুন করছেন সে বিষয়ে তিনি সচেতন। তাঁর মত-অবস্থান হল, মহৎ এক ঋষির চেয়ে দেশ বড়ো। সাভারকরের লেখাপত্রই এই ধরনের ভাবনাপ্রক্রিয়াকে সম্ভব করে তুলেছে।

সাভারকরের মতে সব দেশেরই একটি করে জাতিগত মজ্জাকেন্দ্র থাকে; ভারতীয়দের ক্ষেত্রে সেই

মজ্জা হল হিন্দুরা। তারাই ভারতের ‘আসল’ লোক; বাকিরা গৌণ। মজা হচ্ছে, সাভারকার নিজেকে নাস্তিক বলে দাবি করতেন।

পক্ষান্তরে, গান্ধী প্রকল্পিত রামরাজ্য কেমন ছিল? গান্ধীর গুটিকতক উক্তি থেকে রামরাজ্যের কিছু অভাবাত্মক আভাস পাওয়ার চেষ্টা করা যেতে পারে। কী কী জিনিস তাঁর প্রকল্পিত রামরাজ্যে থাকবে না, তা বোঝার চেষ্টা করা যেতে পারে।

প্রথমত, তিনি বলছেন, ‘রামরাজ্য বলতে আমি হিন্দু রাজ্য বুঝি না। রামরাজ্য বলতে আমি বুঝি ঈশ্বরের রাজত্ব। আমার কাছে রাম আর রহিম এক ও অভিন্ন দেবতা। সত্য আর ন্যায়পরতার ঈশ্বর ছাড়া অন্য কোনো ঈশ্বর আমি মানি না।’

ঈশ্বরের রাজত্ব বলতে কী বুঝিয়েছিলেন গান্ধী? ‘ঈশ্বরকে যদি রামরাজ্য রূপে দেখতে চান, তার প্রথম শর্ত হল অন্তর্বীক্ষণ। নিজের দোষগুলোকে হাজার গুণে বাড়িয়ে দেখুন আর প্রতিবেশীদের দোষগুলোর প্রতি চোখ বুজে থাকুন। সত্যিকারের প্রগতির এই হল একমাত্র পথ।’ এ আসলে তাঁর আজন্মলালিত বৈষম্য বিশ্বাসের বহিঃপ্রকাশ। এর মূল কথাটা প্রণিধানযোগ্য : সংখ্যাগুরুবাদ নৈব নৈব চ। আমরা মাথাগুনতিতে বেশি, তাই অন্যরা আমাদের পায়ের তলায় থাকবে, গান্ধীর রামরাজ্যের দস্তুর এমনটা নয়। ‘আমার হিন্দুত্ব আমাকে সকল ধর্মকে সম্মান করতে শেখায়। রামরাজ্যের গোপন সূত্রটি ওইখানেই নিহিত।’

দ্বিতীয়ত, রাম বলে কোনো ঐতিহাসিক চরিত্র ছিলেন কি না, সে-বিচার অনর্থক। রাম থাকুন আর না-ই থাকুন, রামরাজ্যের কল্পিত নীতিগুলি তাঁর আদর্শ। সে-আদর্শ খাঁটি গণতন্ত্রের। তার মূল আধার ন্যায়বিচার, সুবিচার : ‘নগণ্যতম নাগরিকটিও সেখানে ত্বরিত সুবিচার পাওয়ার ব্যাপারে নিশ্চিত। তার জন্য বিরাট জটিল কর্মকাণ্ড আর প্রচুর টাকা খরচ করার দরকার হবে না। রামায়ণের কবি তো দেখিয়েছেন, কুকুরটাও ন্যায়বিচার পেয়েছিল।’ তার মানে অতিবাহ্য, অতি-ব্যয়বহুল জগবাম্প-বাজানো বুর্জোয়া

বিচারব্যবস্থা গান্ধীর রামরাজ্যে অচল।

আর থাকবে না সম্পদের অ-সুষ্ঠু বণ্টন :
‘বর্তমানের এই নির্ভুর অসাম্যের দশায়, যেখানে কিছু লোক সম্পদের কোলে গড়াগড়ি খাচ্ছে, আর জনসাধারণের পেটে জুটছে না যথেষ্ট খাবার, সেখানে রামরাজ্য আসতে পারে না। সমাজতন্ত্রী ও অন্যদের সঙ্গে আমার বিরোধ কেবল এই জয়গায় যে স্থায়ী কোনো সংস্কার আনবার জন্য হিংসার পথকে আমি আক্রমণ করি।’ তাঁর ‘স্বপ্নের রামরাজ্যে রাজা আর ভিখিরির সমান অধিকার সুনিশ্চিত থাকবে।’ গান্ধীর রামরাজ্যে রাষ্ট্র বলেও কিছু নেই। রাষ্ট্র জিনিসটা তাঁর মোটেই পছন্দর ব্যাপার ছিল না। যে-গণতন্ত্রর কথা তিনি বলেছিলেন, সেটা মোটেই বাহারি সংসদীয় গণতন্ত্র নয়। সংসদীয় গণতন্ত্র আধুনিক যুগের ব্যাপার; আর যা-কিছু আধুনিক, যেমন বিজ্ঞান ও প্রযুক্তি, যেমন আধুনিক বিজ্ঞানভিত্তিক চিকিৎসা, তাতেই গান্ধীর অনীহা, তাই গান্ধীর আদর্শ রাজ্যে সংসদীয় গণতন্ত্রের মতো এ সবারও স্থান নেই। এক শ্রেণির উনিশ শতকী প্রাচ্যবাদীর বাম্পাকুল প্রচারে অভিভূত হয়ে তিনি বিশ্বাস করে নিয়েছিলেন, প্রাচীন ভারতের গ্রামগুলি নাকি ছিল স্বয়ংসম্পূর্ণ, স্বয়ম্ভর; একটি গ্রামকে কখনো অন্য গ্রামের কাছে হাত পাতে হত না। তাঁর প্রকল্পিত রামরাজ্যের ধাঁচটাও হবে ওই রকম।

রবীন্দ্রনাথ ও গান্ধীজি

ব্রিটিশ লেখিকা মার্জেরি সাইক্স সবারমতী আর শান্তিনিকেতন দু’জায়গাতেই কিছু দিন করে কাটিয়ে এই সিদ্ধান্তে এসেছিলেন যে গান্ধী আর রবীন্দ্রনাথ দুই ভিন্ন জগতের বাসিন্দা। তাঁর মতে রবীন্দ্রনাথের কাছে ব্যক্তিমানুষের স্বাধীনতার মূল্য সবচেয়ে বেশি; ব্যক্তিমানুষের যুক্তিভিত্তিক স্বাধীনতার কাছে জাতীয়তা, ধর্ম, পরিবার, সমাজের ঙ্গকুটি সবই উপেক্ষণীয়, যদিও রবীন্দ্রনাথ যে সব সময় নিজের এই আদর্শে

অবিচল ছিলেন তা বলা চলে না। পক্ষান্তরে গান্ধীজির কাছে কর্তৃত্বটাই বড়ো কথা : ধর্মের কর্তৃত্ব, জাতীয়তার কর্তৃত্ব, পরিবারের পিতৃতান্ত্রিক কর্তৃত্ব, সমাজের বর্ণ-কর্তৃত্ব। গান্ধীজি ছিলেন হিন্দু বর্ণাশ্রম ধর্মের সমর্থক। বংশানুক্রমিক জীবিকার বিভাজন তাঁর কাছে খুব কাম্য ছিল।

বর্ণাশ্রম ও জাতপাত সম্বন্ধে তিনি এতটাই স্পর্শকাতর ছিলেন যে হিন্দু-মুসলমানের ঐক্যর ভিত্তিতে খিলাফত আন্দোলন চালানোর সময়েও তিনি মুসলমানের ছোঁয়া খাবার খেতেন না, এমনকি আন্দোলনের সহ-পরিচালক মৌলানা শওকত ও মৌলানা মহম্মদ আলির ছোঁয়া খাবারও না। তাঁর এই মনোভাব আলি ভ্রাতৃত্বকে আহত, হয়তো ক্ষুণ্ণও করেছিল। গান্ধীজি অবশ্য বলেছিলেন, আলি ভ্রাতৃত্ব ‘অতি সযত্নে (তাঁর) এই ধর্মান্ধতাকে শ্রদ্ধা করতেন।’ তাঁর মতে ওটা ধর্মান্ধতা নয়, ‘আত্ম-নিগ্রহ’। আস্তঃ-সাম্প্রদায়িক বিবাহের বিরুদ্ধেও এক ‘যুক্তি’ দিয়েছিলেন তিনি : ‘ভাই-বোনেরা যদি ঘনিষ্ঠতম বন্ধুত্বর সম্পর্ক পাতিয়ে, বিবাহর কথা আদৌ মাথায় না-এনে জীবন কাটাতে পারে, তা হলে আমার মেয়ের প্রতিটি মুসলমানকে ভাই ভাবার মধ্যে, এবং আমার মেয়েকে প্রতিটি মুসলমানের বোন ভাবার মধ্যে, অসুবিধা কোথায়।’ (দ্রষ্টব্য, সুগত বসু, *দ্য নেশন অ্যাজ মাদার*)। পরে অবশ্য গান্ধী তাঁর এ মত বদলে ফেলেছিলেন। বহু অসবর্ণ এবং আস্তঃ-সাম্প্রদায়িক বিবাহ অনুষ্ঠানে উপস্থিত থাকতেন তিনি। বর্ণাশ্রমের গণ্ডির মধ্যেও জাতপাত নিয়ে কিছুটা উদার মনোভাবের পরিচয় দিয়েছিলেন, যার পরিচয় আমরা পাই কেরালার গুরুভায়ুর মন্দিরে হরিজনদের প্রবেশাধিকারের দাবিতে তাঁর অনশনে।

স্বাভাবিকভাবেই গান্ধীজির পিছনমুখী দৃষ্টিভঙ্গির সঙ্গে সংঘাত বেধেছিল খোলা মনের অধিকারী রবীন্দ্রনাথের, যিনি প্রত্যক্ষ রাজনীতির লোক ছিলেন

না। ‘শূদ্রধর্ম’ (১৯২৬) প্রবন্ধে নাম না-করে গান্ধীজির বর্ণাশ্রম-প্রেমকে তীক্ষ্ণ যুক্তি আর শ্লেষে ছিন্নভিন্ন করেছিলেন তিনি। তিনি লেখেন, ‘স্বধর্মেরত শূদ্রের সংখ্যাই ভারতবর্ষে সবচেয়ে বেশি, তাই একদিক থেকে দেখতে গেলে ভারতবর্ষ শূদ্রধর্মেরই দেশ। তার নানা প্রমাণ ইতিহাসে পাওয়া গেছে। এই অতি প্রকাণ্ড শূদ্রধর্মের জড়ত্বের ভারাকর্ষণে ভারতের সমস্ত হিন্দুসম্প্রদায়ের মাথা হেঁট হয়ে গেছে।’ ‘স্বধর্মেরত শূদ্র’ বলতে তিনি বুঝিয়েছিলেন সেই সব লোককে যারা মনে করে, উচ্চবর্ণের চাকরগিরিই তাদের স্বধর্ম। তারা অনায়াসেই উচ্চবর্ণ মনিবদের নির্দেশে অন্য দেশের বা অন্য ধর্মের খেটে-খাওয়া মানুষকে মারতে পারে (চীনে ভারতীয় সৈন্যদের ন্যাকারজনক ভূমিকার উদাহরণ দিয়েছিলেন রবীন্দ্রনাথ), কিন্তু মনিবদের বিরুদ্ধে বিদ্রোহ করার কথা ভাবতে পারে না। শূদ্র-অসন্তোষকে সামাল দেওয়ার কাজে ব্রাহ্মণ্যতন্ত্র প্রবর্তিত ‘পুরুষানুক্রমিক বৃত্তিভেদ’ খুবই কাজে লেগেছিল বলে তিনি মনে করতেন। কেন না ‘রাজশাসনের মধ্য দিয়ে এ কাজ করতে গেলে ‘তার মধ্যে দাসত্বের অবমাননা’ থাকত এবং ‘ভিতরে ভিতরে বিদ্রোহের চেষ্টা কখনোই থামত না।’ কিন্তু কাজটা ‘পাকা হল ধর্মের শাসনে। বলা হল, এক-একটা জাতির এক-একটা কাজ তার ধর্মেরই অঙ্গ।’ গান্ধীজি বলেছিলেন, এক এক জাতের লোক পুরুষানুক্রমে একই পেশায় নিযুক্ত থাকলে তাদের পেশাদারি নৈপুণ্য ও উৎকর্ষ বাড়ে। বিরোধিতা করে রবীন্দ্রনাথ বলেছিলেন, ‘আমাদের দেশে বৃত্তিভেদকে ধর্মশাসনের অন্তর্গত করে দেওয়াতে অসন্তোষ ও বিপ্লবচেষ্টার গোড়া নষ্ট করে দেওয়া হয়েছে। কিন্তু এতে করে জাতিগত কর্মধারাগুলির উৎকর্ষ সাধন হয়েছে কিনা ভেবে দেখবার বিষয়।’ (কালান্তর)

ইতিহাসবিদ সব্যসাচী ভট্টাচার্যর মতে এই ‘শূদ্রধর্ম’ প্রবন্ধটি ‘রবীন্দ্রনাথের শ্লেষাত্মক তর্কযুদ্ধ পটুতার

অন্যতম শ্রেষ্ঠ নিদর্শন’। এ প্রসঙ্গে তাঁর আর একটি মন্তব্য : ‘এ কথা সুপরিচিত যে ড. বি আর অম্বেডকর তাঁর “কংগ্রেস ও গান্ধী অস্পৃশ্যদের কী হাল করেছেন” শীর্ষক প্রবন্ধে গান্ধীর যে-সমালোচনা করেছিলেন তার মূল কথা ছিল বর্ণাশ্রমের প্রতি গান্ধীর সমর্থন। রবীন্দ্রনাথ অবশ্য এ প্রবন্ধে ওই ধরনের সমালোচনা করেননি, এখানে তাঁর সুরটা তির্যকভাবে শ্লেষাত্মক।’ (সব্যসাচী ভট্টাচার্য, *দ্য মহাত্মা অ্যান্ড দ্য পোয়েট*)

তবে এটা উল্লেখযোগ্য যে দলিতদের শিখধর্ম কিংবা বৌদ্ধধর্ম গ্রহণে রবীন্দ্রনাথের নীতিগত সায ছিল। ২০ ডিসেম্বর ১৯৩৬ ওয়ার্ধা থেকে গান্ধীজির সচিব মহাদেব দেশাই রবীন্দ্রনাথকে লেখেন :

শ্রদ্ধেয় গুরুদেব,

হরিজনদের শিখধর্ম গ্রহণ প্রসঙ্গে বেশ কিছু লোক নিজেদের সমর্থনে আপনার মত উদ্ধৃত করছে; তারা মনে করে, হিন্দু সংস্কৃতিকে বজায় রেখে হিন্দুধর্ম ত্যাগের একমাত্র পথ হল শিখধর্ম গ্রহণ। এ-রকম একটা প্রস্তাবে আপনি আদৌ সায দিতে পারেন, এ-কথা বিশ্বাস করতে পারেননি বাপু। শিখধর্ম যদি হিন্দুধর্মেরই অঙ্গ হয়, তাহলে হিন্দুধর্ম ত্যাগের প্রশ্নটাই ওঠে না। হিন্দু হয়েও তো শিখ বা বৌদ্ধধর্মে বিশ্বাস করা যেতে পারে, যেমন অনেকে শৈব কিংবা বৈষ্ণব ধর্মে বিশ্বাস করে। সেটাকে তো হিন্দুধর্ম ত্যাগ বলা যাবে না। যে হিন্দুধর্ম ত্যাগ করবে, সে হিন্দু সংস্কৃতি ও তৎসংশ্লিষ্ট সমস্ত কিছুকেই ত্যাগ করবে; কেননা সংস্কৃতিকে ধর্ম থেকে আলাদা করা যায় না। সংস্কৃতি একজন মানুষের ধর্মেরই প্রতিফলন। আর শিখধর্মের শ্রেষ্ঠ পরিচয় এই যে তা কোনো ধর্ম কিংবা দর্শন নয়, তা হিন্দু আচার-আচরণকে শুধরে নেওয়ার একটা প্রয়াস। কাজেই এ-দিক থেকে দেখলেও (হিন্দুধর্ম ছেড়ে) শিখধর্ম গ্রহণ করার প্রশ্নটাই ওঠে না।

এর রাজনৈতিক দিকটা নিয়ে আপনাকে বিড়ম্বিত করার কোনো প্রয়োজন আমি দেখছি না। কারণ (হিন্দুধর্ম ছেড়ে) শিখধর্ম গ্রহণ করার ওপর যেভাবে জোর দেওয়া হচ্ছে, তাতে এর গায়ে অবধারিতভাবেই একটা রাজনৈতিক রং লাগবে, যেহেতু ধর্মান্তরিতরা ভোট দেবে হিন্দু হিসেবে নয়, শিখ হিসেবে। এই রাজনৈতিক উদ্দেশ্যটাই গোটা ব্যাপারটাকে বিধিয়ে তুলেছে।

এ বিষয়ে যদি আপনার সুচিন্তিত অভিমত লিখে জানান, তা হলে খুব ভালো হয়।

উত্তরে ৪ জানুয়ারি ১৯৩৬ রবীন্দ্রনাথ জানান, প্রিয় মহাদেও,

(হিন্দুধর্ম ছেড়ে) হরিজনদের শিখ ধর্মগ্রহণের প্রশ্নে আমার মতামত আরো পরিষ্কার করে ব্যাখ্যা করবার জন্য তুমি অনুরোধ করেছ, এতে আমি আশ্চর্য হইনি। গোড়াতেই এই কথাটা জানিয়ে রাখি যে আমি কিন্তু বাস্তব ক্ষেত্রে ওদের ধর্মবিশ্বাস পরিবর্তনের পরামর্শ দিইনি; আমি কেবল এই কথা বলেছি যে, ওরা যদি সত্যিই ও-রকম কোনো চরম পদক্ষেপের কথা ভাবে, তা হলে শিখধর্ম গ্রহণই প্রশস্ত। আর কেন ওরা ওই চরম পদক্ষেপের কথা ভাবতে পারে, সেটা তো আমরা সবাই জানি। বৌদ্ধধর্ম সম্পর্কেও আমার একই মত।

দৈনন্দিন ব্যবহারে হিন্দুধর্ম একটা জীবনধারা মাত্র। তার দার্শনিক ও সাংস্কৃতিক ভিত যত মহৎই হোক, শুধু তারই দোহাই দিয়ে হিন্দুধর্মের নামে যুগ যুগ ধরে চলে-আসা সামাজিক অবিচারের ফালন হয় না। আমাদের ধর্ম সমাজকে নির্দিষ্ট মর্যাদাক্রমে বহু গোষ্ঠীতে বিভক্ত করে রেখেছে। যারা রয়েছে একেবারে তলায়, তারা একেবারে ন্যূনতম সামাজিক সুবিচারটুকুও পায় না, উপরন্তু নিরস্তর তাদের বুঝিয়ে দেওয়া হয় যে তারা মনুষ্যতর। সনাতনপন্থীরা বলে, এই বিভাজনের মনোভাব, যা আমাদের জনসমাজের

এক বিরাট অংশকে অবদমিত করে রেখেছে, সেটি আমাদের ধর্মের স্থায়ী কাঠামোরই অঙ্গ, আর সেটাই আমাদের সমাজের ভিত্তি। মনু, পরাশর প্রমুখ আমাদের সুপ্রাচীন আইন-প্রণেতাদের অনুশাসন তারই প্রমাণ। সনাতনপন্থীরা খুব ভুল বলে না।

আমরা অনেকে ওই সব শাস্ত্রকারদের রচনার উপর সুসভ্যতার চকচকে প্রলেপ লাগানোর চেষ্টা করি। কিন্তু এই সব ব্যক্তিগত ব্যাখ্যান নিপীড়িতদের কোনো কাজে লাগে না, সমাজের স্বৈরতন্ত্রীদের আচরণকেও স্পর্শ করে না। সমাজের স্বৈরতন্ত্রীদের হার মানার কোনো কোনো ঘটনা আধুনিক কালে ঘটেছে, যেমন ঘটেছিল এই সে-দিন, চৈতন্যর যুগে। কিন্তু ঠিক তার পরেই মাথা তুলেছিল প্রতিক্রিয়াশীলরা। তাই, আমাদের আধুনিক যুগের অগ্রণী পুরোধারা ইতিমধ্যেই যে-সামাজিক সংস্কার অর্জন করতে পেরেছেন, তাও যে ভবিষ্যতে চিরস্থায়ী হবে, এমন আশ্বাস নিশ্চিতভাবে দেওয়া যায় না।

ব্যাপারটার রাজনৈতিক দিক নিয়ে আমার বিশেষ কোনো মাথাব্যথা নেই। ওরা হিন্দু হিসেবে ভোট দিল, না শিখ হিসেবে, সেটা আমার কাছে বড়ো কথা নয়; তার থেকে ঢের বেশি গুরুত্বপূর্ণ হল, আমাদের মনুষ্যত্বকে তা প্রভাবিত করে কি না, এবং চারপাশের মানুষজনের প্রতি আমাদের একটা মনোভঙ্গি গড়ে তোলে কি না। অনেক কাল আগে, প্রায় বছর পঁচিশ হল, একটি কবিতায় (‘হে মোর দুর্ভাগা দেশ, যাদের করেছ অপমান’, ১৯১০?) ‘আমি ধিক্কার জানিয়েছিলাম সেই সমাজকে যা ভারতের অধিকাংশ মানুষের উপর চাপানো অমর্যাদার ভিত্তিতে আপন সৌধ গড়ে তুলেছে এবং সেই সুবাদে শতশত বছর ধরে আপন পরাজয় আর অধঃপতনের রাস্তা পরিষ্কার করেছে। কিন্তু আমার সে ধিক্কারবাণী ছিল অরণ্যে রোদন মাত্র। সে ঘোর অরণ্য ঘন ঝাড় বেঁধে মাথা তুলেছে, আর সেই বাড়বৃদ্ধির ইতিহাস রুদ্ধ করেছে আলো ঢোকার পথ। যে-মহাত্মা আজ আমাদের

নেশনের পথপ্রদর্শক, তাঁর পূর্বজ পথপ্রবর্তকদের একের পর এক প্রয়াসকে থামিয়ে দিয়েছে সে-অরণ্য। ব্যাপক জনসাধারণের উপর মহাত্মাজির যে-প্রভাব তা সত্যিই বিপুল, তা সত্যিই আমাদের মধ্যে জাগরণ এনেছে। তবু আমি জানি না, আরও কত দীর্ঘ অপেক্ষার পর তাঁর শিক্ষা আমাদের মাটির গভীর অন্ধকারে প্রোথিত বিষাক্ত শিকড়গুলির উপর ঠিকমতো কাজ করতে পারবে। অথচ আমরা জানি, অমঙ্গলের কণ্টকাকীর্ণ পথে পথে ছড়িয়ে থাকা বিপর্যয় কখনো দিনক্ষণ মেনে আসে না, কবে আমরা তার নিরাময় ঘটাতে পারব, সেই হিসেব করে তো বিপর্যয় আসে না। যে-ওষুধ রোগ সারাতে অতিরিক্ত সময় নেয়, প্রায়শ সে-ওষুধ ধরবার আগেই রোগীর মৃত্যু হয়।

আমি সত্যিই মনে করি, হিন্দুধর্মের সবচেয়ে দুরারোগ্য যে সামাজিক বিকৃতিটি আমাদের স্বাধীনতার আকাঙ্ক্ষাকে হাস্যকর করে তোলে, তাকে ভিতর থেকে নির্মূল করার প্রয়াসেই বৌদ্ধধর্ম কিংবা শিখধর্ম উদ্ভব হয়েছিল। গুরু গোবিন্দ একদিন হিন্দুসমাজের বহুযুগ-বাহিত প্রথা অমান্য করে, জাতপাতের সমস্ত বেড়া চূর্ণ করে দিয়ে তাঁর অনুগামীদের ঐক্যবদ্ধ করে তুলেছিলেন, আত্মমর্যাদাশীল পৌরুষের প্রকৃত আশীর্বাদের উত্তরাধিকার অর্জনের জন্য তাদের মুক্ত করে দিয়েছিলেন। ভারতের সকল শিখদের জন্য শুধু নয়, তামাম ভারতের জন্যই সে-দিনটি এক মহৎ দিন। শিখধর্ম জনগণের কাছে এক সাহসী বার্তা পৌঁছে দিয়েছিল। শিখধর্মের কর্মকৃতির খতিয়ান অতি মহৎ। এই ধর্ম যদি তার ভৌগোলিক প্রাদেশিকতা ছেড়ে, ক্ষুদ্র জনসমাজের মধ্যে আবদ্ধ থাকার ফলে অবধারিতভাবেই যে-বহির্বিচ্ছিন্নতা দেখা দিয়েছে তার খোলস ছেড়ে, দেশব্যাপী এক পরিপ্রেক্ষিত অর্জন করতে পারে, তা হলে তার ফল যে কত জোরালো হবে তা কে বলতে পারে। তাদের ধর্মীয় আচার-আচরণ আর ধর্মবিশ্বাসের মধ্যে এমন কিছুই

আমি দেখতে পাই না, যা আমার মানবিক মর্যাদাবোধকে আহত করে। আমার পিতা প্রায়শ অমৃতসরের গুরুদ্বারে গিয়ে উপাসনা করতেন, আমিও তাঁর সঙ্গে রোজ সেখানে যেতাম। কিন্তু তিনি কখনো কলকাতার কালীঘাটের মন্দিরে যাচ্ছেন, এ আমি কল্পনাও করতে পারি না। অথচ ধর্মে ও সংস্কৃতিতে আমার পিতা ছিলেন হিন্দু। যারা হিন্দুধর্মের বুলি কপটে আচার-আচরণে নিত্য তাকে কলুষিত করে চলে, তাদের অধিকাংশের তুলনায় তাঁর দৈনন্দিন জীবনচর্যা তিনি হিন্দুধর্মের বিশুদ্ধতর মান বজায় রাখতেন। তাই শিখধর্ম কিংবা বৌদ্ধধর্ম গ্রহণ করলে ওরা যে হিন্দু সংস্কৃতিকে অবহেলা বা প্রত্যাখ্যান করবে, এ ভয় আমার নেই। (দ্য মহাত্মা অ্যান্ড দ্য পোয়েট)

মার্জোরি সাইকস কিছু ভুল বলেননি :
পারস্পরিক শ্রদ্ধায় তাঁরা যতই অটল থাকুন, গান্ধী
আর রবীন্দ্রনাথ প্রকৃতই দুই মেরু মানুষ।

অহিংসার প্রাণে রবীন্দ্রনাথ ও গান্ধীজি

কবি তাঁর নাটকের ভিলেনের মুখ দিয়ে হিংসার অনিবার্যতার সপক্ষে এক জোরালো যুক্তি দিয়েছিলেন। জয়সিংহর দ্বিধা-জর্জর মন থেকে হিংসার সর্বময় বৈখতা সম্বন্ধে যাবতীয় সংশয় দূর করবার জন্য একেবারে আধুনিক মনস্তত্ত্ববিদের কায়দায় কড়া অভিভাবন (সাজেসশন) দিয়েছিল রঘুপতি : ‘হত্যা অরণ্যের মাঝে, হত্যা লোকালয়ে, হত্যা বিহঙ্গের নীড়ে, কীটের গহ্বরে,/অগাধ সাগর-জলে, নির্মল আকাশে,/হত্যা জীবিকার তরে, হত্যা খেলাচ্ছলে,/হত্যা অকারণে, হত্যা অনিচ্চার বশে,/চলেছে নিখিল বিশ্ব হত্যার তাড়নে/উর্ধ্বশ্বাসে প্রাণপণে—ব্যাঘ্রের আক্রমে/মৃগসম, মুহূর্ত দাঁড়াতে নাহি পারে।’

বড়ো সাংঘাতিক এ-অভিভাবন। এর যুক্তি অকাট্য। এর মধ্যে ‘খেলাচ্ছলে’ আর ‘অকারণে’

শব্দগুলি বিশেষ করে ভাবায়। যে-লোক বাজারে মাছমাংস কাটে কিংবা ল্যাবরেটরিতে ব্যাং-খরগোশ-ইঁদুর-গিনিপিগ মারে, সে নিছক ‘জীবিকার তরে’ হিংসার আশ্রয় নেয়। অসুখ করলে অ্যান্টিবায়োটিক দিয়ে আমরা ব্যাকটেরিয়া ‘মারি’, ফিনাইল দিয়ে জীবাণু ‘মারি’, এমনকি তেল ছিটিয়ে ডেঙ্গু-মশার লার্ভা ‘মারি’। এদের সকলেরই প্রাণ আছে। এগুলো ‘হত্যা অনিচ্ছার বশে’-র পর্যায়ভুক্ত। সেই কারণেই হয়তো গান্ধীজি ‘পাশ্চাত্য’ চিকিৎসাপদ্ধতির এত বিরোধী ছিলেন। রোগমুক্ত হতে গেলে আপনাকে হিংসার আশ্রয় নিতেই হবে, জীবাণু মারতেই হবে, সে গরম লোহার ছাঁকা দিয়েই হোক, আর অ্যান্টিবায়োটিক প্রয়োগ করেই হোক। তাই আধুনিক বৈজ্ঞানিক চিকিৎসাবিজ্ঞানের বিরোধিতা গান্ধীজির অহিংসা-তত্ত্বের নিয়মের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

কিন্তু প্রাণিহত্যার পাপ থেকে দূরে থাকবার জন্য যাঁরা মাছমাংস খান না, শাকাহার করেন, জগদীশচন্দ্র বসু পড়লে তাঁরা জানতে পারবেন, গাছ থেকে ঝিঙে কিংবা পটল ছিঁড়ে নেওয়ার সময় তাদের কত লাগে! এটাকেও আমরা ‘অনিচ্ছার বশে’ হত্যা বলতে পারি।

আর ‘খেলাচ্ছলে’ হত্যা করে কারা? মানহাটান প্রকল্পের বিজ্ঞানীরা যখন জাপানের আত্মসমর্পণ আসন্ন এবং অবধারিত জেনেও বোমাটি ফাটানোর সিদ্ধান্ত নিলেন, তাঁরা কি ‘খেলাচ্ছলে’ই হত্যা করলেন না? ওপেনহাইমার তো পরমাণু বোমার বিস্ফোরণকে গীতা-কথিত ‘সহস্র সূর্যের দীপ্তি’র সঙ্গে তুলনা করেছিলেন!

রবীন্দ্রনাথও সহিংসতা অনুমোদন করতেন না। তিনি যে বঙ্গভঙ্গ-বিরোধী আন্দোলন থেকে সরে দাঁড়ালেন, কিংবা জালিয়ানওয়ালাবাগের এত বড়ো

ঘটনার পরেও শহিদদের স্মরণস্তম্ভ স্থাপনের বিরোধিতা করেছিলেন, তার একটা কারণ তো ওই। তাই তিনি কার্যত রাজনৈতিক আন্দোলন ব্যাপারটাকেই বরবাদ করে, স্বদেশি আত্মজাগরণের পন্থা অনুসরণ করতে চেয়েছিলেন। তিনি বুঝতেন ও মানতেন যে অহিংস পথে রাজনৈতিক স্বাধীনতা আসবে না। তাঁর মতে, গান্ধীজিও আসলে সেটা বুঝতেন ও মানতেন। রাজনৈতিক গণ-আন্দোলনে নামলে সহিংসতা অনিবার্য; সেটার জন্য তৈরি না থেকে, জনগণকে মিথ্যে আশ্বাস দেওয়া যে, অহিংস পথেই স্বাধীনতা আসবে; এটা রবীন্দ্রনাথের মতে অনুচিত। তাঁর অভিযোগ, গান্ধীজি সেই নৈতিক মিথ্যাচরণকে প্রশ্রয় দিয়েছিলেন।

কাজেই দাঁড়াল এই, অনেক মানুষকে উজ্জীবিত করার ব্যাপারে গান্ধীজির ধর্মীয় ভাষা ও ভাবাশ্রিত অহিংসা-তত্ত্ব হয়তো কোনো ব্যবহারিক উপযোগিতা ছিল; কিন্তু ঐতিহাসিক, দার্শনিক, ধর্মতাত্ত্বিক, এমনকী রাজনৈতিক বিচারেও, তার সার্থকতা কতটুকু তা রীতিমতো সন্দেহজনক। কেননা, নিরঙ্কুশ যৌনতা পরিহারের মতো, সার্বিক, নিঃশর্ত অহিংসাও স্বাভাবিক মনুষ্যত্ব-বিরোধী। কোন হিংসা নৈতিকতা-সম্মত, আর কোনটা নৈতিকতা-বিরোধী, সেই বিচারের ওপরেই দাঁড়িয়ে থাকে প্রকৃত মনুষ্যত্ব।

পরস্পরের মতাদর্শের প্রতি এত বিরোধিতা সত্ত্বেও এই দুই মনীষীর মধ্যে গভীর সম্প্রীতি ও শ্রদ্ধার সম্পর্ক ছিল। সকলেই ‘মহাত্মা গান্ধীজির শিষ্য। কেউ বা ধনী কেউ বা নিঃস্ব’ মিল কেবল এক জায়গায় : ‘গরিব মেরে ভরাই নে পেট’।



নেহরু সম্পর্কে আজাদ

জওয়াহরলাল নেহরু ও আবুল কালাম আজাদের ব্যক্তিগত সম্পর্ক ছিল খুবই ঘনিষ্ঠ ও গভীর : প্রীতি ও শ্রদ্ধা। নেহরুর জীবনে ও মরণে আজাদ এমনভাবে সংযুক্ত ছিলেন যে আজাদ সম্পর্কে আলোচনা করতে গেলে নেহরু প্রসঙ্গ অনিবার্যভাবে আসে। নেহরু জন্মশতবর্ষের কথা স্মরণ করে আজাদ ও নেহরু পরস্পর সম্পর্কে কি ধারণা পোষণ করতেন—রাজনৈতিক বাড়া-ঝাপটার আপাত বিরোধিতা সত্ত্বেও তারই কিছু অন্তরঙ্গ পরিচয় আমরা এখানে তুলে ধরার চেষ্টা করছি।

জওয়াহরলাল আমার প্রিয়তম বন্ধু, ভারতের জাতীয় জীবনে তিনি যে গৌরবোজ্জ্বল অবদানসমূহ রেখেছেন তা' অন্য কোন ব্যক্তির তুলনায় কোন অংশেই কম নয়। ভারতের স্বাধীনতার জন্য তিনি অনেক কিছু করেছেন, অনেক কষ্টবরণ করেছেন আর স্বাধীনতা উত্তর যুগে তো তিনি আমাদের জাতীয় জীবনের ও জাতির বিকাশের প্রতীক-স্বরূপ। কিন্তু এতসব সত্ত্বেও একটা কথা না বলে পারছি না যে, অনেক সময় তিনি সম্পূর্ণ ভাবাবেগে পরিচালিত হন। শুধু তাই নয়, থিয়োরিগত চিন্তাধারা দ্বারা কোন সময় তিনি এতই আবিষ্ট হয়ে পড়েন যে, পরিস্থিতির গুরুত্ব ও নাজুকতা উপলব্ধি করতে ভুল করে বসেন। আইন পরিষদ সম্পর্কে তাঁর নতুন বিবৃতি তাঁর এই ভাবালুতারই ফলশ্রুতি।

(আহমদনগর কেব্লা জেলে) জওয়াহরলাল প্রস্তাব করলেন, আমরা একটা ফুল-বাগিচা তৈরি করতে পারি। এতে দুটো উপকার হবে। আমাদের সময় বেশ কেটে যাবে এবং এখানকার পরিবেশও সুন্দর উপভোগ্য হয়ে উঠবে। তাঁর এ প্রস্তাব আমাদের মনঃপূত হলো। জেল সুপারিন্টেনডেন্টকে আমরা পুণা থেকে বীজ আনিতে দিতে অনুরোধ করলাম। তারপর আমরা জমি প্রস্তুত করতে লেগে গেলাম। জওয়াহরলাল ছিলেন এ ব্যাপারে অগ্রণী। আমরা অল্প-বিস্তর চল্লিশ ধরণের বীজ বপন করলাম। প্রতিদিন আমরা এগুলোর গোড়ায় পানি দিতাম, আগাছা নিড়িয়ে দিতাম। এরপর যখন মুকুল ধরলো তখন আমরা পরম অভিভূত হয়ে সেগুলোর দিকে তাকাতাম। তারপর একদিন মুকুলগুলো ফুলে পরিণত হলো। আমাদের কম্পাউণ্ড সুশোভিত ও সুরভিত হয়ে উঠলো।

কংগ্রেসে আমার কর্মতৎপরতার একেবারে গোড়ার দিক থেকেই আমি এবং জওয়াহরলাল ছিলাম উত্তম বন্ধ। সর্বদাই আমরা ছিলাম অভিন্ন প্রাণ এবং একে অপরের সমর্থনের প্রতি ছিলাম একান্তই আস্থাশীল। আমাদের উভয়ের মধ্যে বৈরিতা বা প্রতিদ্বন্দ্বিতার মনোভাব সৃষ্টির কোন প্রশ্নই কোনদিন উঠেনি এবং আমার ধারণা ছিল যে কোনদিন তা' উঠবেও না। প্রকৃতপক্ষে নেহরু পরিবারের সাথে আমার অন্তরঙ্গতা পণ্ডিত মতিলাল নেহরুর আমলেই গড়ে উঠে। প্রথম দিকে আমি তাঁকে আমার একজন ভাতিজারূপে দেখতাম আর তিনিও তাঁর পিতার একজন বন্ধুরূপে আমাকে সমীহ করতেন।

জওয়াহরলাল স্বভাবগত ভাবে অত্যন্ত অকপট এবং উদার মনের অধিকারী। ব্যক্তিগত ঈর্ষা-বিদ্বেষ কোনদিনই তাঁর অন্তরে উদ্ভিত হয়নি। কিন্তু তাঁর পরিবার ও বন্ধুমহলে এমন কিছু লোকও ছিলেন যাঁরা তাঁর সাথে আমার অন্তরঙ্গতাকে ভাল চোখে দেখতেন না। তাঁরা সর্বদাই আমাদের সম্পর্কে ফাটল ধরতে চেষ্টা করতেন।

যাঁরা আমার এবং জওয়াহরলালের সম্পর্কে ফাটল সৃষ্টির প্রয়াস পাচ্ছিলেন, তাঁরা তাঁকে এও বুঝালেন যে, উক্ত কীর্তির জন্যে আমার যেভাবে প্রশংসা করা হয়েছে, তাতে কংগ্রেস নেতাদেরও প্রভাবান্বিত হওয়া অবশ্যম্ভাবী। তাঁরা জওয়াহরলালের মনের উদারতা সম্পর্কে অবহিত ছিলেন, তাই অন্যদের বিরুদ্ধে তাঁর কান সর্বদা ভারি করে রাখতেন। তাঁরা এ কথার উপরও জোর দেন যে, স্বয়ং তাঁর পত্রিকা 'ন্যাশন্যাল হেরাল্ডই' যদি আমার সম্পর্কে এরূপ উচ্ছ্বসিত প্রশংসা করতে থাকে, তবে অল্পদিনের মধ্যেই আমি কংগ্রেসে

অপ্রতিদ্বন্দ্বী হয়ে উঠবো। আর তা' হলে তা' স্বয়ং কংগ্রেসের গণতান্ত্রিক চিন্তাধারার পরিপন্থী হবে।

ব্যক্তিগত প্রবণতা জওয়াহরলালের মন-মগজকে আচ্ছন্ন করতে পারে এমনটি আমি ভাবতে পারি না। তবে আমি এ কথা অবশ্যই বলবো যে, তিনি তাঁদের ভ্রাতৃত্ব কুযুক্তির দ্বারা প্রভাবান্বিত হয়ে পড়েছিলেন। সে যাই হোক, কংগ্রেস ওয়ার্কিং কমিটির বোম্বে অধিবেশনে দেখা গেল যে, একত্রে দু'জনে কংগ্রেসের কাজ করার সুদীর্ঘ-কালের মধ্যে এই প্রথমবার জওয়াহরলাল প্রত্যেকটি ব্যাপারেই আমার বিরোধিতা করে চলেছেন। তিনি প্রকাশ্যে এ কথাও বললেন যে পাঞ্জাবে আমি যে নীতি গ্রহণ করেছি তা' ভ্রান্ত। এমন কি তিনি এতটুকু পর্যন্ত বলে দিলেন যে, আমি কংগ্রেসের মর্যাদা ধূলি-ধুসরিত করে দিয়েছি। তাঁর এসব কথাগুলো শুনে আমি যুগপৎভাবে বিস্মিত ও মর্মান্বিত হলাম। আমি পাঞ্জাবে যা' করেছিলাম, তা ছিল এই যে, গভর্নর সেখানে মুসলিম লিগ মন্ত্রিসভা গঠনে চেষ্টিত থাকার সত্ত্বেও আমি কংগ্রেসকে মন্ত্রিসভায় ঠেলে দেই। আমার চেষ্টায়ই সেখানে মুসলিম লিগকে এড়িয়ে যাওয়া হয় এবং কংগ্রেস সংখ্যালঘু হওয়া সত্ত্বেও পাঞ্জাবের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণকারী শক্তিতে পরিণত হয়।

জওয়াহরলাল তাঁর অভিমত ব্যক্ত করতে গিয়ে বললেন সংখ্যাগরিষ্ঠতা অর্জন না করেই পাঞ্জাব

মন্ত্রিসভায় কংগ্রেসের অংশগ্রহণ করা ঠিক হয়নি। এ ধরনের অংশগ্রহণে কংগ্রেসকে এখন আপোস করে চলতে হবে, আবার কখনো নীতিকোণে বিসর্জন দিতে হতে পারে।

জওয়াহরলাল বোধ হয় অনুভব করতে পারলেন যে কথা অনেক দূর এগিয়ে গেছে এবং আমি তাতে অত্যন্ত মনঃক্ষুণ্ণ হয়েছি। চিরাচরিত অভ্যাস অনুযায়ী আমি ভোলাভাই দেশাইর ওখানেই উঠেছিলাম। পরদিন ভোরেই তিনি আমার কাছে আসলেন এবং অত্যন্ত আন্তরিকতা ও প্রীতিমাখা কণ্ঠে বললেন যে, তাঁর এ সমালোচনা আমার নেতৃত্বের প্রতি মোটেও তাঁর আস্থার অভাবের জন্যে ছিল না। তিনি অকপটেই স্বীকার করলেন যে, তাঁর মত ছিল ভ্রান্ত। তিনি বলেন যে, তিনি চান আমি যেন এ প্রসঙ্গটা ভুলে যাই। আমি জওয়াহরলালের কাছে এমনটিই আশা করলাম। তাঁর স্বভাবটাই এরূপ যে তাঁর মনে যখন কোন খেয়াল চাপতো তখন তিনি তা' অকপটে ব্যক্ত করেন আবার পরে তার ভুল বুঝতে পারলে তা' স্বীকার করে নিতেও তাঁর কোনরূপ দ্বিধা থাকে না। তাঁর এ খোলাখুলি আলোচনায় আমি অভিভূত হলাম। আমরা দু'জন অন্তরঙ্গ বন্ধু ছিলাম এবং তাঁর ও আমার মধ্যে কোনরূপ মনোমালিন্য বা বিরোধ থাকা আমার জন্যে অত্যন্ত কষ্টকর ছিল।

মওলানা আজাদের 'ইণ্ডিয়া উইলফ্রিডম'-এর আব্দুল্লাহ বিন সাইদ-কৃত বাংলা অনুবাদ থেকে (ঢাকা, বাংলাদেশ, ১৯৭৯



আজাদ সম্পর্কে নেহরু

মওলানা আজাদ সম্পর্কে কলম ধরা সোজা ব্যাপার নয়। প্রায় ত্রিশ বছর হল, তাঁর সাথে আমার পয়লা দেখা হয়। কিন্তু তারও বছ আগে থেকে মওলানার অসাধারণ জ্ঞান, বলিষ্ঠ ব্যক্তিত্ব ও তাঁর প্রথম মহাযুদ্ধের সময়কার নজরবন্দী জীবন সম্পর্কে অনেক কিছুই শুনেছি। তাই তাঁর সাথে দেখা করার জন্যে বড়ই উদগ্রীব ছিলাম।

বয়সের দিক থেকে তিনি তখন সবেমাত্র যৌবনে পা রেখেছিলেন। কিন্তু তাঁর চেহারা দৃঢ়তা ও বিজ্ঞতার ছাপ ছিল সুস্পষ্ট। তাই অপরিহার্যভাবে তাঁর স্থান শীর্ষস্থানীয় কংগ্রেস-নায়কদের ভেতরে ছিল। তখনও কংগ্রেসের মূল নায়কদের সাথে আমার তেমন যোগাযোগ ছিল না। তাই দূর থেকে তাঁকে অধ্যয়নের সুযোগ পেয়েছিলাম। পরে অবশ্য কংগ্রেস ওয়ার্কিং কমিটির অধিবেশনে তাঁকে কাছে থেকেই জানবার ও বুঝবার সুযোগ পেয়েছি।

বিশেষ করে গত দশ বছর ধরে তাঁর সাথে আমার গভীর সম্পর্ক বিদ্যমান ছিল। যদি আমার প্রবাস ও জেল জীবন বাদ দেওয়া হয়, তাহলে কংগ্রেসের কার্যকলাপের ক্ষেত্রে তাঁর বড় বড় পরিকল্পনা ও গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণের বেলায় তাঁর সঙ্গী হবার সৌভাগ্য আমার সর্বদাই ঘটেছিল।

কংগ্রেসে তথা ভারতের ইতিহাসে এমন লোক বিরল, যাঁরা কংগ্রেসের পরিকল্পনা বা সিদ্ধান্ত তৈরি ও সংশোধনের ব্যাপারে মওলানার শক্তিশালী হাত কতখানি প্রাধান্য নিয়ে সক্রিয় ছিল, তা জানেন। প্রেসিডেন্ট কিংবা ওয়ার্কিং কমিটির সাধারণ মেম্বর—যে কোন অবস্থাতেই তিনি মূলত কংগ্রেসের ভাগ্যান্বিতা ছিলেন। তাঁর বলিষ্ঠ ও স্বাধীন পরামর্শকে সবাই অপরিসীম গুরুত্ব দান করতেন। কারণ, তাঁর যে কোন অভিমতের পেছনে সক্রিয় ছিল অপরিসীম জ্ঞান, প্রজ্ঞা এবং অসাধারণ নিষ্ঠা ও দূরদর্শিতা, যা দিন দিন উজ্জ্বল থেকে উজ্জ্বলতর হয়ে ধরা দিত।

দুনিয়ার সব রাজনীতিবিদদের ভেতরে মওলানা

ছিলেন একজন ব্যতিক্রম; একেবারেই একক ও অনন্য। সার্থক রাজনীতিবিদরা যেই স্বাভাবিক চরিত্রের বলে বেদেরেগ আক্রমণ চালাতে ও আক্রান্ত হতে অভ্যস্ত হয়ে যান, তিনি সে স্বভাব থেকে সম্পূর্ণ মুক্ত ও পবিত্র ছিলেন। তার শালীন ও বিনম্র স্বভাব আগাগোড়া এর বিরোধী ছিল। তিনি ছিলেন নিতান্ত লাজুক ও নিঃসংগপ্রিয়। বড় কথা হল, তাঁর ভেতরে একটা অত্যন্ত সচেতন মন বিরাজ করত। একজন প্রভাবশালী ও তেজস্বী বক্তা দেখলে তিনি ঘাবড়ে যেতেন। তাঁকে জনসভায় বক্তৃতা দেবার জন্যে রাজী করানো সোজা ব্যাপার ছিল না। সত্যি বলতে তার চারিত্রিক বৈশিষ্ট্যের মূলে ছিল জ্ঞান স্পৃহা। অবস্থাচক্রে তাঁকে হৈ-হুল্লোড়ের জীবন যাপনেয় জন্যে বাধ্য হতে হয়েছে।

মওলানাকে দেখে সেই ফরাসি মনীষীর কথা মনে পড়ে, যিনি ফরাসি বিপ্লবের কিছুদিন আগে জন্ম নিয়েছিলেন। প্রাচীন জাতির ইতিহাসে মওলানার পাণ্ডিত্য ও প্রজ্ঞা নিঃসন্দেহে বিস্ময়কর ছিল। আবার আধুনিক শিক্ষাদীক্ষায়ও তাঁর অধিকার ছিল অপরিসীম। তাঁর চিন্তাধারা ছিল যুক্তিভিত্তিক, সুবিন্যস্ত ও স্বচ্ছ। মনে হত, তিনি দর্শন ও তর্কশাস্ত্রে কোন প্রাচীনতম শিক্ষালয় থেকে পাণ্ডিত্য অর্জন করে এসেছিলেন।

যদি নিঃসংগপ্রিয়তা ও লাজুক স্বভাব তাঁর ভেতরে অবর্তমান থাকত, তাহলে দেশ ও জাতির কাজে তিনি আরও বহুদূর অগ্রসর হতে পারতেন। কারণ, তাঁর লেখনী ও রচনায় এরূপ যাদুকরী শক্তি বিদ্যমান ছিল যে, অসংখ্য অচেতন প্রাণে তিনি অদম্য কর্মপ্রেরণা সঞ্চার করতে যে কোন মুহূর্তে সক্ষম ছিলেন। এরূপ যাদুকরী ডাক সাধারণত আমরা খুব কমই শুনতে পাই। দুর্ভাগ্য যে, তিনি তাঁর বিস্ময়কর লেখনীশক্তি দ্বারা প্রথম জীবনে মানুষের মনে যে আনন্দ ও উন্মাদনা সৃষ্টি করেছিলেন, শেষ জীবনে তা বর্জন করেছিলেন।

আমি তাঁর সাহিত্য জীবনের প্রতি এ বৈরাগ্যে

বড়ই দুঃখিত ছিলাম। কারণ তাঁর ভাষা ভাবের গভীরতায় পরিপূর্ণ ছিল। যৌবনে শুধু ভারতেই নয়, সমগ্র মধ্যপ্রাচ্য থেকেই তিনি তাঁর লেখনী প্রতিভার জন্যে অকুণ্ঠ প্রশংসা অর্জন করেছেন। আজও যদি ভারতের কেউ কোন আরবি ভাষাভাষী এলাকায় যায়, তার কাছে সে দেশবাসী অবশ্যই মওলানা আবুল কালাম আজাদ সম্পর্কে জানবার জন্যে গভীর আগ্রহ প্রকাশ করে। মওলানা যদি তাঁর লেখনী সংগ্রাম আজীবন অব্যাহত রাখতেন, তা হলে আজ আমাদের দেশবাসী বিজ্ঞতাপ্রসূত স্বচ্ছ চিন্তাধারার অধিকারী হয়ে অবশ্যই সঠিক পন্থা নির্ধারণের গৌরব অর্জন করতে সমর্থ হত।

শুধু পরিস্থিতির চাপেই তিনি অন্যরূপ দায়িত্ব কাঁধে চাপাতে বাধ্য হয়েছিলেন। তবু ইতিহাস সাক্ষ্য দেবে, এ দায়িত্বও তিনি কত সার্থক ও সুন্দর ভাবে সম্পাদন করেছেন। কিন্তু আমরা যখন তাঁকে খুবই ঘনিষ্ঠভাবে জানবার সুযোগ পেয়েছি, তখন আবার আগামী দিনের ইতিহাসের সাক্ষ্য দানের অপেক্ষায় থাকব কেন? তিনি আমাদের তথা দেশ ও জাতির জন্যে শক্তির এক দৃঢ়তম পাহাড় ছিলেন। যদিও তাঁর দু' একটা অভিমতের সাথে আমি মতৈক্যে পৌঁছতে পারিনি, তথাপি এ বিশ্বাস আমার অন্তরে বদ্ধমূল ছিল যে, তাঁর মতের গুরুত্ব অপরিসীম এবং এ জন্যেই সব সময়ে তাঁর সব মত বুঝে উঠতে সক্ষম হই না। তাঁর সিদ্ধান্ত এরূপ অভিজ্ঞতা ও বিজ্ঞতাপ্রসূত ছিল যে, বর্তমান ও ভবিষ্যতের সর্বজ্ঞানের সমন্বয়ে ছিল তা বিমণ্ডিত। এরূপ কালজয়ী ধীশক্তির অধিকার জগতে সত্যিই বিরল।

বড় বড় লোক পৃথিবীতে জন্ম নিয়েছেন, কিন্তু মওলানার মত বৈশিষ্ট্যপূর্ণ মর্যাদার অধিকারী নেতা ভারত কেন, দুনিয়ার বৃহৎ আর আসবেন না। মওলানা আজাদ ইসলামেরও যথেষ্ট খিদমত করেছেন। তিনি ভারতের আজাদী সংগ্রামে এ জন্যেই যোগ দিয়েছিলেন যে, সাম্রাজ্যবাদী শক্তি



ভারতের বৃহৎ ঘায়েল হলে অন্যান্য মুসলিম রাষ্ট্র তাদের খপ্পর থেকে মুক্তিলাভ করবে।

মওলানা অতীত ও বর্তমানের বিশেষ গুণাবলীর এক মনোজ্ঞ সেতু ছিলেন। তিনি অতীতের গুণাবলী যথা বিশ্বস্ততা, প্রেম ও ধৈর্যের পরিপূর্ণ নমুনা ছিলেন। আজ আমরা চাঁদে পর্যন্ত পৌঁছেছি। আমাদের ভেতরে ধৈর্য মহানুভবতা ও বিশ্বস্ততার পূর্ণ অভাব রয়েছে।

পৃথিবীর সকল কল্যাণকর সংস্কৃতি একাকার হয়ে যে সংস্কৃতির সৃষ্টি করে, মওলানা ছিলেন তারই অধিকারী। মুক্ত ও উদার দৃষ্টিভঙ্গী আর প্রশস্ত জ্ঞানের আধার ছিলেন তিনি। যে কোন জটিলতম সমস্যার তিনি সূক্ষ্মতম রন্ধ্রে পর্যন্ত পৌঁছবার আশ্চর্য ক্ষমতা রাখতেন।

এরূপ সহযোগী বন্ধু, বিচক্ষণ চালক ও বিজ্ঞ শিক্ষকের মৃত্যু নিঃসন্দেহে এক গভীরতম অপূরণীয় শূন্যতার সৃষ্টি করেছে। যতই দিন যায় ততই সে শূন্যতা ব্যাপকতর হয়ে চলে। তবুও বলব, মওলানা যদিও আমাদের ভেতরে নেই, কিন্তু তাঁর বাণী বেঁচে আছে। অতীতের মতই সর্বদা তা আমাদের পথ দেখিয়ে চলবে।

মওলানা আজাদের মৃত্যুর পর জওয়াহরলাল নেহরু যে মন্তব্য প্রকাশ করেছিলেন তারই অনুবাদ: আখতার ফারুক কর্তৃক আজাদ গ্রন্থের বাংলা অনুবাদ 'যে সত্যের মৃত্যু নেই' থেকে গৃহীত।

শান্তিনিকেতনের কিছু মধুর স্মৃতি

মহাত্মা গান্ধী ও শান্তিনিকেতন

সত্যব্রত চট্টোপাধ্যায়

দক্ষিণ আফ্রিকা থেকে ভারতে ফেরার আগে গান্ধীজি একটা এমন একটা বাসস্থান খুঁজছিলেন যেখানে তাঁর নিজের পরিবার এবং তাঁর ফিনিক্স আশ্রমের ছেলেদের একটা জায়গা হয়।

সি এফ অ্যান্ড্রুজ (যিনি দীনবন্ধু অ্যান্ড্রুজ নামে প্রসিদ্ধ) এবং ডব্লিউ ডব্লিউ পিয়ার্সন, মহামতি গোখলের অনুরোধে দক্ষিণ আফ্রিকায় উপস্থিত হয়ে মহাত্মাজির আন্দোলনের সময় তাঁকে নানাভাবে সাহায্য করেছিলেন। এঁরা দুজনেই বিভিন্ন সময় দক্ষিণ আফ্রিকার প্রশাসনের সঙ্গে আলোচনায় মহাত্মাজির প্রতিনিধিত্ব করেছিলেন। পরে অ্যান্ড্রুজ ও পিয়ার্সন দুজনেই রবীন্দ্রনাথের সহযোগীরূপে শান্তিনিকেতনে অধ্যাপনা ও অন্যান্য সাংগঠনিক কাজে নিবিড়ভাবে জড়িত হয়ে পড়েন। শান্তিনিকেতনের ইতিহাসে তাঁদের অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে।

অ্যান্ড্রুজ সাহেবই মহাত্মাজিকে শান্তিনিকেতনের কথা প্রথম বলেন। মহাত্মাজি এই প্রস্তাব সাদরে গ্রহণ করেন এবং গুরুদেবও অত্যন্ত আনন্দের সঙ্গে শান্তিনিকেতনে তাঁদের আমন্ত্রণ জানান। মহাত্মাজির ভ্রাতুষ্পুত্র মগনলাল গান্ধি ফিনিক্স আশ্রমের ছেলেদের নিয়ে নভেম্বর ১৯১৪ সালে শান্তিনিকেতনে আসেন। ফিনিক্স আশ্রমের অন্যান্য ছাত্রদের সঙ্গে মহাত্মাজির তিন সন্তান, রামদাস, মনিলাল ও দেবদাসও শান্তিনিকেতনে আসেন।

মহাত্মাজিকে নভেম্বর ১৯১৪ সালে একটি চিঠি লিখে গুরুদেব ফিনিক্স আশ্রমের ছাত্রদের আগমনবার্তা তাঁকে জানান এবং এই আশা প্রকাশ করেন যে ফিনিক্স

এবং শান্তিনিকেতনের সব ছাত্রই এই পারস্পরিক সাহচর্যের ফলে সর্বক্ষেত্রে উপকৃত হবেন। তাঁর চিঠি লেখার কয়েকদিন পরেই পিয়ার্সন মহাত্মাজিকে চিঠি লিখে ফিনিক্সের ছেলেরা কিভাবে খুব সকালে উঠে কৃষিকাজ এবং অন্যান্য কাজ আরম্ভ করে দেয় এবং কিভাবে তারা শান্তিনিকেতনের অন্যান্য ছাত্রদের অনুপ্রাণিত করছে তা জানান।

ব্রিটেন থেকে ফিরে কিছুদিন বস্বে, পুনা এবং গুজরাটে থেকে মহাত্মাজি ১৭ই ফেব্রুয়ারি, ১৯১৫ সালে শান্তিনিকেতনে আসেন। গুরুদেব এই সময় শান্তিনিকেতনে ছিলেন না। কিন্তু ১৯শে ফেব্রুয়ারি মহামতি গোখলের মৃত্যুসংবাদ পেয়ে মহাত্মাজি আবার বস্বে রওয়ানা হন। তিনি শান্তিনিকেতনে ফিরে আসেন মার্চ মাসে এবং ৬ই মার্চ গুরুদেবের সঙ্গে তাঁর প্রথম সাক্ষাৎ হয়। দুর্ভাগ্যবশতঃ প্রথম সাক্ষাতের কোনও বিশদ বর্ণনা পাওয়া যায় না।

সেই সময়ের শান্তিনিকেতনের ছাত্র প্রমথনাথ বিশী লিখেছেন যে তাঁদের ধারণা ছিল শান্তিনিকেতনের বিদ্যার্থীদের জীবনযাত্রা খুব সরল ও সাধারণ। কিন্তু এই ছাত্রদের জীবনযাত্রা তাদের চেয়েও সরল ও সাধারণ ছিল। অতিথি ছাত্রদের কোনও কাজের লোক ছিল না, সব কাজকর্ম তারা নিজেরাই করত। রান্নার জন্য কোনও লোক ছিল না। রান্নার এবং আনুসঙ্গিক সব কাজ তারা নিজেরাই করত। তারা ছিল সম্পূর্ণ নিরামিশাষী এবং খাবারে তারা কোনও রকম মশলা বা নুনও ব্যবহার করত না।

মহাত্মাজি ও শ্রীমতী কস্তুরবা শান্তিনিকেতনে

ফেব্রুয়ারি, ১৯১৫ সালে যখন প্রথমবার এলেন তখন মহাত্মাজি দেখলেন ছাত্রাবাসে রাঁধুনি, রান্নার কাজের সহায়তা করার লোক, বাজার করার, জল তোলার এবং অন্যান্য অনেক ধরনের কাজের জন্য লোক নিযুক্ত আছেন। মহাত্মাজি বললেন—এতজন সহায়ক থাকবেন কেন? ছাত্রদের নিজেদের কাজ নিজেদের করা উচিত। এই নিয়ে ছাত্র, শিক্ষক, কর্মী এবং সংশ্লিষ্ট অন্যান্য অনেকের সঙ্গে তিনি শান্তিনিকেতনের আমবাগানে এক সভায় তাঁর বক্তব্য রাখলেন। অনেক তর্কবিতর্ক হল, কিন্তু যুক্তির জোরের চেয়ে ব্যক্তিত্বের বেগ অনেক বেশি প্রবল (প্রমথবাবুর ভাষায়) সুতরাং ঠিক হল এখন থেকে সব কাজ ছাত্ররা সেবকের সহায়তা ছাড়া নিজেরাই করবে। মহাত্মাজি নিজের ছাত্রদের জন্য শৌচাগার পরিষ্কার রাখার কাজটি চেয়ে নিলেন।

মহামতি গোখলের পরলোক গমনের সংবাদ পেয়ে বন্ধে রওয়ানা হওয়ার আগে যে কয়েক দিন তিনি শান্তিনিকেতনে ছিলেন তারই মধ্যে শান্তিনিকেতনে তিনি যে নিঃশব্দ বিপ্লবের সূচনা করে গেলেন, তার প্রভাব বেশ কিছুদিন ধরে চলল। প্রমথবাবুর ভাষায় আশ্রমে ছাত্রজীবনের সত্যযুগ আরম্ভ হয়ে গেল। সব

কাজ ছাত্ররা নিজেরা করার ফলে পড়াশুনার মুখ্য ব্যাপারটা অবাস্তুর হয়ে দাঁড়াল। অনভ্যস্ত ছাত্ররা কাজের চাপে অনেক সময়ই ক্লাস কামাই করতে আরম্ভ করল। মাস্টারমশায় ফাঁকা ক্লাসে এসে যদি প্রশ্ন করতেন—অমুক ছাত্র কোথায় গেল, তবে উত্তর হত— সে বাসন মাজছে বা মশলা বাটছে বা অন্য কোনও কাজে ব্যস্ত আছে।

ক্লাসের পড়ার চেয়ে রান্নাবান্না বা ছাত্রাবাসের অন্যান্য কাজ অচিরেই ছাত্রদের কাছে অনেক বেশি আকর্ষণীয় হয়ে উঠল। এই সময় এক ছাত্র তার মাকে চিঠি লিখে সুসংবাদ জানাল যে তারা এখন রান্না শিখছে। উত্তরে তার মা (খুবই প্র্যাকটিকাল মহিলা) তাকে জানালেন বাছা আমার, যদি রান্না শেখাই তোমার জীবনের উদ্দেশ্য হয় তবে আর বেশি দেরি করার দরকার নেই, যত তাড়াতাড়ি সম্ভব বাড়ি চলে এসো, মাস্টারমশায়দের চেয়ে ভালো রান্না তোমাকে আমি শিখিয়ে দেব।

পড়াশুনোয় ব্যাঘাত হচ্ছে দেখে অনেক বাবা, মা বা অন্যান্য অভিভাবকরা তাঁদের ছেলেদের স্কুল থেকে সরিয়ে নিতে আরম্ভ করলেন। এই অবস্থা ফেব্রুয়ারি মাসের শেষ থেকে গরমের ছুটি পর্যন্ত চলল। গরমের



ছুটির পর আবার রান্নার এবং অন্যান্য কাজের লোক নিযুক্ত করা হল। ইতিমধ্যে গরমের ছুটির সময় গান্ধী আশ্রমের ছেলেরা আমেদাবাদ চলে গেল।

মহাত্মাজির আবেদনে সাড়া দিয়ে যেদিন এই নতুন পরীক্ষা আরম্ভ হয় সেদিনটি গান্ধীতিথি নামে শান্তিনিকেতনে পালিত হয়। সেদিন রান্না এবং অন্যান্য সব কাজ ছেলেরা নিজের হাতে করে।

প্রথমবাবু লিখেছেন— “শান্তিনিকেতনে এই নতুন পরীক্ষার কথা মহাত্মাজীর আত্মজীবনীতে আছে। ইহার পরেও অনেকবার মহাত্মাজী শান্তিনিকেতনে আসিয়াছেন। কিন্তু তখন তিনি মহাত্মা নামে ভারতবর্ষের কাছে পরিচিত হইয়াছেন, সে কথা এখন সকলেরই পরিজ্ঞাত। প্রথমবারের আশ্রমবাসে শান্তিনিকেতনে যে বিপ্লব ঘটাইয়া দিয়াছিলেন এখন তাহার ক্ষেত্র সুদূরপ্রসারী হইয়া সারা ভারতবর্ষকে অধিকার করিয়াছে। ভারতবর্ষের কাছে পরিচিত হইবার আগে, আমরা তাঁহার সেই পরীক্ষা দেখিবার সুযোগ পাইয়াছিলাম।” (বানান অপরিবর্তিত)

মহাত্মাজি এর পরেও বেশ কয়েকবার শান্তিনিকেতনে এসেছেন। যদিও চরকা এবং অসহযোগ আন্দোলন সম্বন্ধে কবিগুরুর সঙ্গে তাঁর মতভেদ ছিল তবুও বহু আশ্রমিক ও শিক্ষক চরকার মস্ত্রে দীক্ষিত হলেন।

১৯২৫ সালের মে মাসে মহাত্মাজি আবার কবিগুরুর সঙ্গে আলোচনার জন্য শান্তিনিকেতনে আসেন। সেই সময়ে প্রখ্যাত লেখক সৈয়দ মুজতবা আলি শান্তিনিকেতনের ছাত্র। তিনি লিখেছেন— “ইতিমধ্যে শান্তিনিকেতনেই ৯০ খানা চরকা ও তকলি চলিতেছে— বিধুশেখর, নন্দলাল প্রভৃতি সকলেই চরকা কাটিতেছেন।”

মহাত্মাজির সান্নিধ্যে যাঁরাই এসেছেন, তাঁর সহজ সরল জীবনযাত্রা তাঁদের সকলকেই অনুপ্রেরণা দিয়েছে। ১৯২৫ সালের ২৯শে মে, মহাত্মাজি শান্তিনিকেতনে আসার আপে চিঠি লিখে গুরুদেবকে অনুরোধ করেন

যে তিনি এখানে দুটি দিন নির্জনে শান্তিতে বাস করতে চান। সাধারণতঃ ভি আই পি অতিথিদের উত্তরায়ণের গেস্ট হাউসেই রাখা হত। কিন্তু মহাত্মাজির অনুরোধ আসার পর গুরুদেব ঠিক করলেন তাঁকে শান্তিনিকেতনের গেস্ট হাউসে রাখাই ঠিক হবে। এর পরের ঘটনাবলী সম্বন্ধে মুজতবা আলি যা লিখেছেন তার ভিত্তি অবলম্বন করে পরবর্তী বর্ণনা দেওয়া হল।

এই সময় শান্তিনিকেতন গেস্ট হাউসের ম্যানেজার ছিলেন গাঙ্গুলি মশায়। ইনি জ্যোতিরিন্দ্রনাথের পত্নী কাদম্বরী দেবী, রবীন্দ্রনাথের প্রিয় বৌঠানের দূরসম্পর্কের আত্মীয়। তিনি গেস্ট হাউসটি ভালই চালাতেন বলে তাঁর সুখ্যাতি ছিল। তাঁর হাঁকডাকে গেস্ট হাউসের অন্যান্য কর্মচারিরা সদা সন্ত্রস্ত হয়ে থাকত। গুরুদেব তাঁকে নির্দেশ দিলেন মহাত্মাজির জন্য গেস্ট হাউসে যেন সবরকমের ব্যবস্থা করা হয় যাতে তাঁর সুখ স্বাচ্ছন্দ্যের কোনও ব্যাঘাত না ঘটে।

গুরুদেবের নির্দেশ শুনে গাঙ্গুলি মশায়ের মাথায় বজ্রঘাত হল। গেস্ট হাউসে যা আসবাবপত্র এবং অন্যান্য ব্যবহারযোগ্য সামগ্রী ছিল তা মহাত্মাজির মত বিশিষ্ট অতিথির অভ্যর্থনা এবং দৈনন্দিন জীবনযাপনের পক্ষে সম্পূর্ণ অনুপযোগী। তাঁর মনোভাব বুঝতে পেরে গুরুদেব তাঁকে বললেন যে তিনি তাঁর নিজের ঘর থেকে যা কিছু প্রয়োজন তা নিতে পারেন অথবা রবীন্দ্রনাথ এবং প্রতিমা দেবীর কাছ থেকে নিতে পারেন।

গাঙ্গুলি মশায় তো নিজের মনের মত করে মহাত্মাজির জন্য গেস্ট হাউসের উপরের তলায় তিনটি ঘর সাজালেন। মহাত্মাজির আসার আগের দিন গুরুদেব নিজে দেখতে এলেন মহামান্য অতিথির জন্য সমস্ত ব্যবস্থা ঠিকমত হয়েছে কি না। কিন্তু তিনি দেখলেন আসবাবপত্র এবং নিত্যপ্রয়োজনীয় ব্যবহারের সামগ্রী বেশির ভাগই বিদেশি। সুতরাং বেশির ভাগ আসবাবপত্র বাতিল করা হল এবং বিভিন্ন সময়ে গুরুদেবের উপহার পাওয়া খদ্দেরের বালিশের ওয়াড়, বিছানার চাদর, পর্দা

ইত্যাদি নিয়ে আসা হল। স্নানের ঘরেও ব্যবহার্য সামগ্রীর অনেক পরিবর্তন করা হল। মেঝেয় আলপনা দেওয়া হল। মোট কথা গুরুদেবের নিজস্ব তত্ত্বাবধানে তিনটি ঘরই বিশিষ্ট অতিথির জন্য সম্পূর্ণ ভারতীয় প্রথায় সুসজ্জিত করা হল।

নির্দিষ্ট দিনে মহাত্মাজি এসে পৌঁছিলেন। গুরুদেব নিজে মহাত্মাজিকে উপরের তলায় নিয়ে গেলেন। যদি কোনও কিছুই প্রয়োজন হয়, গাঙ্গুলি মশায়ও শোভনীয় দুবত্ব বজায় রেখে তাঁদের কাছাকাছি রইলেন। মহাত্মাজি কিন্তু এমন সুসজ্জিত ঘর যেন দেখেও কিছু দেখলেন না। কারণ পার্থিব সুখ স্বাচ্ছন্দ্য উপভোগ করার কোনও উপকরণই তাঁকে আর আকৃষ্ট করে না। তিনি তখন স্বদেশ সাধনায় নিমগ্ন এক মহাযোগী—পার্থিব সব কিছুই উর্ধ্ব। হঠাৎ তিনি গুরুদেবকে বললেন—“কাছেই ছাতে যাবার সিঁড়ি আছে না? চলুন ছাতে যাওয়া যাক।”

ছাতে উঠে দুজনে একটু কথাবার্তা বলার পর মহাত্মাজি হেসে বললেন—“খুব চমৎকার ছাত। আমি এখানেই থাকব।”

মহাত্মাজির জন্য যে সমস্ত ব্যবস্থা করা হয়েছিল তার কিছুই কাজে লাগল না। বোঝা যায় সাধক মহাত্মাজি সব সময়ই উন্মুক্ত প্রকৃতির কোলে থাকতে ভালবাসতেন।

এই রকম ঘটনা আর একবার লিপিবদ্ধ হয়েছে। সেবার তিনি এক ইতালীয় বিলাসবহুল জাহাজের ক্যাপ্টেনকে বিপদে ফেলে দিয়েছিলেন।

১৯৩১ সালে গোল টেবিল বৈঠকের শেষে মহাত্মাজি সিদ্ধান্ত নিলেন, তিনি এক ইতালীয় জাহাজে দেশে ফিরবেন। ইল দুচে বেনিতো মুসসোলিনি পরম আহ্বাদিত। তিনি নির্দেশ দিলেন মহাত্মাজির জন্য জাহাজের সর্বোত্তম সুইট অফ কেবিনস যেন ঠিকমত তৈরি থাকে। ইতালির প্রায় সর্বোত্তম প্রাসাদ থেকে আসবাবপত্র পাঠিয়ে কেবিনটি যেন সুসজ্জিত করা হয়—ইত্যাদি ইত্যাদি। মোট কথা মহাত্মাজির সুখ

স্বাচ্ছন্দ্যের ব্যবস্থায় যেন বিন্দুমাত্র ত্রুটি না থাকে।

নির্দিষ্ট দিনে মহাত্মাজি জাহাজে উঠলেন। ক্যাপ্টেন নিজে সগর্বে মহাত্মাজির সুইট অফ কেবিনস ঘুরিয়ে দেখালেন। মহাত্মাজির অনুরোধে তারপর তিনি তাঁকে সমস্ত জাহাজটি ঘুরিয়ে দেখালেন। সব শেষে মহাত্মাজি জানতে চাইলেন সবচেয়ে উপরের খোলা ডেক অর্থাৎ ছাতে যাওয়া যায় কি না। ক্যাপ্টেন সানন্দে তাঁকে উপরের বিরাট, বিস্তীর্ণ ডেকে নিয়ে গেলেন।

সব দেখে শুনে মহাত্মাজি বললেন—“আমি এখানেই তাঁবু খাটিয়ে থাকব।”

ক্যাপ্টেন পাগলের মত হাত পা ছুঁড়ে প্রতিবাদ করতে লাগলেন। ভূমধ্যসাগরে তাপমাত্রা রাতে শূন্যে নামে, সুয়েজ খাল আর লোহিত সাগরে দুপুরে উঠবে ১১৪ ডিগ্রি ফারেনহাইট (শান্তিনিকেতনে মে মাসের মত)। কোনও মানুষের পক্ষে এই আবহাওয়ায় বাস করা অসম্ভব। তিনি মহাত্মাজিকে অনেক বোঝালেন কিন্তু মহাত্মাজি অনড়। আসলে ক্যাপ্টেনের ভয় ছিল যদি মহাত্মাজি অসুস্থ হয়ে পড়েন এবং ভালমন্দ যদি কিছু ঘটে যায় তখন ইল দুচের ফায়ারিং স্কোয়াডের সামনে তাঁর দাঁড়ানো হয়তো ভগবানও রুখতে পারবেন না।

মহাত্মাজি তেরটি দিন ডেকের উপর কাটিয়েছিলেন। প্রতি সকালে একবার প্রার্থনা করতে নিচে নেমে আসতেন। সর্বশ্রেণীর যাত্রী, জাহাজের ক্যাপ্টেন, নাবিক এমন কি খালাসিরাও সেই প্রার্থনায় যোগ দিতেন।

সূত্র :

- ১। I Am an ordinary Man—Mohandas Karamchand Gandhi India's Struggle for Freedom (1914-1948), edited by Gopalkrishna Gandhi, Aleph Book Company (2023)
- ২। রবীন্দ্রনাথ ও শান্তিনিকেতন— প্রমথনাথ বিশী, বিশ্বভারতী (পৌষ ১৪৩০)
- ৩। গুরুদেব ও শান্তিনিকেতন— সৈয়ত মুজতবা আলী, মিত্র ও ঘোষ (পৌষ ১৪২৯)

মহাত্মা গান্ধীর জীবনে শ্রীমদ্ভগবদ্ গীতা

জহর সেন

শ্রীমদ্ভগবদ্ গীতা উপনিষদ। গীতা স্ত্রী লিঙ্গ বিশেষণ। উপনিষদ স্ত্রী লিঙ্গ। গীতা মহাভারতের ভীষ্মপর্বের অন্তর্গত। ভাল ও মন্দের প্রতীক হল গীতা। মানুষের অন্তরের দন্দ গীতার সারকথা। পাণ্ডবরা শুভবুদ্ধির প্রতীক। কৌরবরা অশুভ বুদ্ধির প্রতীক। অশ্বমেধ পর্বে (অধ্যায় ১৬, শ্লোক ১০-১৩) অর্জুন পুনরায় গীতা উপদেশের জন্য ভগবান শ্রীকৃষ্ণকে অনুরোধ করেছিলেন। ভগবান জানালেন যোগযুক্ত অবস্থায় তিনি অর্জুনক গীতা শুনিয়েছিলেন। ভগবান তাঁর কাছে অবতরীয় যোগেশ্বর্য প্রকাশ করেছিলেন। এখন অপারগ।

ধৃতরাষ্ট্র অন্ধ। পুত্রস্নেহে অন্ধ। পাশা খেলার সময় তিনি পুনঃ পুনঃ জানতে চেয়েছেন, “কিং জিতং কিং জিতং?” এবার জিতে কী পেলো? বিশ্বময় এখনও অন্ধ ধৃতরাষ্ট্রে অভাব নেই। মুখে মুখে ঘুরছে একই জিজ্ঞাসা, কিং জিতং কিং জিতং?

গান্ধীগীতা অনাসক্তির কর্তাবহ। অনাসক্তি শরণাগতির সঞ্চালক। গোপীনাথ কবিরাজ আমাদের স্মরণে রাখতে বলেছেন “গীতার শুরু শাপি মাং, তাং প্রপন্নম।” শেষে চরম উপদেশ : “সর্বধর্মান পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।” ধরাও দরকার, ছাড়াও দরকার। যে প্রপন্ন নয়, তাঁর কাছে জ্ঞান আসে না।

“এখন হৃদয় আচ্ছন্ন। এই আমাদের মনে কর্তৃত্ব অভিমানের প্রাবল্য। হৃদয় বুঝিতে পারিলে সমগ্র অন্তরাকাশ আপনি আলোকিত হয়ে ওঠে।”

সবরমতী আশ্রমে ১৯২৫ সালের ২৬ নভেম্বর মোহনদাস করমচাঁদ গান্ধী তাঁর আত্মকথা অথবা সত্যের সন্ধানে শীর্ষক মহাগ্রন্থের ভূমিকা লেখেন। ওই ভূমিকায়

তিনি লিখেছেন, “গত ত্রিশ বছরের ব্যাকুল সাধনায় যা আমি পেতে চাই, তা হল আত্মজ্ঞান, সাক্ষাৎ ভগবদ দর্শন অর্থাৎ মোক্ষলাভ। ... আমি যেসব পরীক্ষার কথা বলতে চাই—তার আত্মিক বা নৈতিক তাৎপর্য নিশ্চয়ই আছে, আর ধর্মের মূল কথাটা তো নীতির উপর প্রতিষ্ঠিত।” (পৃ. ২৪)

“আমি যে সত্যের কথা বলছি, তা পরম সত্য, চিরকালের সত্য। ... এই সত্য হল শাস্ত্রত নীতি বা তত্ত্ব, যাকে আমরা ভগবান বলি। যতদিন আমরা তা না পাচ্ছি ততদিন আপেক্ষিক সত্যই হবে আমার নিশানা, আমার আত্মরক্ষার বর্মচর্ম।” (পৃ. ২৫) আমি ক্ষীণভাবে যা পেয়েছি, তা হলো মরীচিকার আলো, সত্যের দীপ্তি নয়।

মোহনদাস করমচাঁদ গান্ধীর পিতা কাবা গান্ধী ছিলেন স্বজনহিতৈষী, সত্যনিষ্ঠ, নিরীক, সদাশয় মানুষ। ধর্মবিষয়ে পুথিগত বিদ্যা ছিল না। প্রায় প্রতিদিনই মন্দিরে যেতেন এবং কথকতা ও ধর্মকথা শুনতেন। শেষ বয়সে কাবা গান্ধী একজন সুহৃদ ব্রাহ্মণ পণ্ডিতের পরামর্শে গীতা পাঠ শুরু করেন। দৈনিক যখন পূজায় বসতেন, উচ্চকণ্ঠে গীতার কিছু শ্লোক আবৃত্তি করতেন। অল্পবয়সে এটাই ছিল মোহনদাস গান্ধীর গীতার সঙ্গে প্রথম পরিচয়। তিনি তখন গীতা চোখে দেখেছেন, কানে শুনেছেন। মাতা ছিলেন সততই শুচিন্নাত, গভীর ধর্মপরায়ণা শুচিসাধনী নারী।

দুটি ঘটনা তিনি চিরকাল মনে রেখেছেন। শ্রবণের পিতৃভক্তি নাটক। বাবার কিনে দেওয়া মাউথ অর্গানে শ্রবণের শোকে তাঁর পিতামাতার কান্নার সুর তিনি প্রায়ই বাজাতেন। হরিশ্চন্দ্রের পালা দেখেছেন দিনের পর দিন। আত্মকথায় লিখেছেন, “কিন্তু আজকের দিনেও হরিশ্চন্দ্র

ও শ্রমণ আমার কাছে যেন জীবন্ত মানুষ।”(৩৫)
হরিশ্চন্দ্রের সত্যানুরাগ ছিল তাঁর মনে সদা জাগ্রত।

ছয় থেকে ষোলো বয়স অবধি স্কুল জীবনে তিনি ধর্মশিক্ষা পাননি। বিষ্ণুমন্দিরে বা হাভিলিতে গিয়েছেন পরিবারের সদস্যদের সঙ্গে। সেখানকার আড়ম্বর, জাকজমক, কুপ্রথা তাঁর একেবারে ভালো লাগেনি। মন্দির-হাভেলি থেকে বিতুষণ ছাড়া আর কিছুই পাননি। ছোটবেলায় ভূত-প্রেতের ভয় দূর করার জন্য তিনি রামনাম জপ করতেন। রঙাবাই তাঁর মনে এই বীজমন্ত্র রোপণ করেছিলেন। দুই গান্ধীভাইকে এক আত্মীয় দাদা রামরক্ষা পাঠের পদ্ধতি শিখিয়েছিলেন। পোরবন্দরে তাঁর এই মন্ত্র মুখস্ত করেছিলেন। রাজকোটে এসে এসব কিছু ভুলে গেছেন।

পোরবন্দরে তুলসীদাসের রামায়ণ পাঠ শুনেছেন স্বগৃহে। তাঁর মতে তুলসীদাসের রামায়ণ ভক্তিসাহিত্যের সর্বশ্রেষ্ঠ গ্রন্থ। রাজকোটে একাদশীর দিন ভাগবত পাঠ হত। গুজরাতি অনুবাদে গভীর আগ্রহে তিনি ভাগবত পাঠ করতেন। রাজকোটে তিনি বাবা-মার সঙ্গে বিষ্ণুমন্দির, শিবমন্দির ও রামমন্দিরে যেতেন। জৈন সাধুরা তাঁদের গৃহে আহারাতি করতেন। কয়েকজন মুসলমান ও পার্শ্বী বন্ধু কাবা গান্ধীর সঙ্গে ধর্মালোচনা করতেন। বাবার পাঠাগারে তিনি *মনুস্মৃতি* পাঠ করেছেন। এই গ্রন্থ তাঁর মনে এতটুকুও দাগ কাটেনি। এই গ্রন্থপাঠের পর তাঁর মনে নাস্তিক ভাব জন্মায়। *মনুস্মৃতি* পড়ে তিনি অহিংসা সম্পর্কে কোন শিক্ষা পাননি। কিশোর বয়সে শ্যামল ভাট রচিত একটি গুজরাতি কবিতা তাঁর মনে গভীর রেখাপাত করেছিল। বাংলা অনুবাদে কবিতার মূল সুর এখানে জানাচ্ছি।

“সকল মানুষে ভাই বলে জানে
মহান মানুষ যারা
অপকার যদি কেহ কহে তার
উপকার করে তারা।”

বিলেত প্রবাসের দ্বিতীয় বছরের শেষ দিকে দু’জন থিয়োসফিস্ট সহোদর ভাই Sir Edwin Arnold লিখিত *Song Celestial* পড়ছিলেন। এটি শ্রীমদ্ভগবদ্ গীতার

বিশ্ববিখ্যাত ইংরাজি অনুবাদ। ইতিপূর্বে গান্ধী সংস্কৃতে বা গুজরাতিতে গীতা কখনও পড়েননি। ওই দুই ভাই-এর সঙ্গে তিনি গীতাপাঠ শুরু করলেন। দ্বিতীয় অধ্যায়ে তিনি পড়লেন,

ধ্যায়তো বিষয়ান্ পুংসঃ সঙ্গস্তেষুপজায়তে।

সঙ্গাৎ সংজায়তে কামঃ ক্লেদোভি জায়তে।।

২/৬২

বিষয় চিন্তা করতে করতে মানুষের ওই বিষয়ে আসক্তি জন্মায়। আসক্তি থেকে কামনা উৎপন্ন হয়। কামনায় বাধা পড়লে ক্লেদের জন্ম হয়।

আত্মকথায় তিনি লিখেছেন, “এখন আমার মনে হল গীতা অমূল্য গ্রন্থ। ... এখন আমি মনে করি সতানুসন্ধানের সহায়ক এমন একটি বই পৃথিবীতে আর দ্বিতীয় নেই। নিরাশা ও সংসারের অন্ধকারে আমি এই গ্রন্থ থেকে আলোকের নির্দেশ পাই।(৮৭)

ওই দুই বন্ধুর সঙ্গে তিনি গীতা পড়েছেন নিয়মিত। কিন্তু গীতা অধ্যয়ন নিত্যকর্ম হিসাবে শুরু হয় কয়েক বছর বাদে।(৮৮)

১৮৯৩ সাল পর্যন্ত তিনি ধর্ম সম্বন্ধে নিজেকে অযোগ্য মনে করতেন। সংস্কৃত ভাষা যৎসামান্য জানতেন। হিন্দুধর্মের শাস্ত্রাদি মূল সংস্কৃত ভাষায় পড়েননি। ওই বছর তিনি খ্রিস্টান বন্ধুদের সংস্পর্শে আসেন। খোলা মন নিয়ে সবিনয়ে তিনি সব ধর্মের সারাৎসার বোঝার চেষ্টা করেছেন। কয়েকজন থিয়োসফিস্ট বন্ধুর সঙ্গে স্বামী বিবেকানন্দের *রাজযোগ* পড়েছেন। অন্য কয়েকজনের সঙ্গে পড়েছেন এম. এন. দ্বিবেদীর *রাজযোগ ব্যাখ্যান*। অন্য আর একজনের সঙ্গে পড়েছেন *পতঞ্জলির যোগসূত্র*।

গান্ধীর আত্মকথা গ্রন্থের চতুর্থ ভাগে কয়েকটি গুরুত্বপূর্ণ উপভাগ আছে, ৪নং শিরোনাম : স্বার্থবুদ্ধি থেকে মুক্তির প্রয়াস; ৫নং শিরোনাম : আত্মসমীক্ষার ফল; ৬নং নিরামিষের প্রতি নিবেদিত। তাঁর আধ্যাত্মিক সাধনার বৈশিষ্ট্য বুঝতে হলে আত্মকথার এই অংশগুলি

বিশেষভাবে প্রণিধেয়।

শ্রীমদ্ভগবদ্ গীতা তিনি পাঠ করেছেন একাধিক ব্যক্তির সঙ্গে। তিনি বন্ধুদের সঙ্গে নিয়ে একটি সাধন সমিতি খুলেছিলেন। সেখানে গীতাপাঠ ও অধ্যয়ন চলত। তাঁর কাছে গীতার কয়েকটি অনুবাদ ছিল। সেগুলি অবলম্বন করে মূল সংস্কৃত বোঝবার চেষ্টা করতে লাগলেন।

সকালবেলা স্নানের পূর্বে তিনি শ্লোক মুখস্ত করতেন। দাঁত মাজার জন্য সময় লাগত পনেরো মিনিট। স্নানে লাগত কুড়ি মিনিট। এই পঁয়ত্রিশ মিনিট বরাদ্দ ছিল গীতার শ্লোক মুখস্ত করার জন্য। চিরকুট কাগজে গীতার শ্লোক লিখে সামনে দেওয়ালে তা সঁটে রাখতেন। মনে রাখার জন্য মাঝে মাঝে চিরকুট একবার দেখে নিতেন। এইভাবে তিনি গীতার তেরোটি অধ্যায় মুখস্ত করেছিলেন। পরে অন্যান্য কাজের চাপ বেড়ে যাবার ফলে এবং সত্যাগ্রহ আন্দোলন জন্ম নেবার পর, গীতা মুখস্ত করার কাজ ছেড়ে দিতে বাধ্য হন।

তিনি লিখেছেন, “আমার নিজের দিক থেকে বলতে পারি, জীবনের পথে চলতে গিয়ে গীতা সব সময় আমাকে ঠিক পথের সন্ধান দিয়েছে। ইংরেজি কথার অর্থ অজানা হলে, যেমন অভিধান দেখে অর্থ নির্ণয় করি, তেমনি সংকটে-বিবাদে-সংশয়ে আমি গীতা-র শরণ নিয়ে আমার কর্তব্য নির্ণয় করি। আমার দৈনন্দিন ব্যবহার জীবনের অভিধান হল গীতা।”

‘অপরিগ্রহ’ ও ‘সমভাব’ ইত্যাদি শব্দের ব্যঞ্জনা সতত গান্ধীকে ভাবিয়ে তুলেছে। সমভাবের চর্চা কীভাবে সম্ভব? কেমন করে ভাবের সমতা রক্ষা করা যায়? যে সব রাজকর্মচারী অন্যায়াপরায়ণ এবং অপমান করে, যে সব প্রাজ্ঞন সহকর্মী অনর্থক বৈরী হয়ে যায় এবং যারা প্রতিনিয়ত উপকার করছে—এদের সকলের সঙ্গে সমভাবে আচরণ কীভাবে সম্ভব? নিজস্ব যা কিছু আছে, তা পরিহার কীভাবে সম্ভব? আমাদের দেহ পরিগ্রহবিশেষ। স্ত্রী-পুত্র-পরিবার একপ্রকার পরিগ্রহ।

আলমারি-ভর্তি বই তা কি নষ্ট করে দেব? এসব নানা ধরনের প্রশ্ন তাঁর মনে জাগত। পরমাত্মাকে পেতে হলে এসব কিছু ছাড়তে হবে। প্রশ্নের উত্তরে এই সমাধান তিনি পেতেন।

তিনি আইনের বই থেকে সমাধান খুঁজেছেন। স্নেল আইনের সমতার কথা বলেছেন। ট্রাস্টি বা নাসিক কথাটির মর্মকথা গীতার আলোকে তিনি বুঝতে পারলেন। তিনি লিখেছেন, “এই বুঝলাম যে মুমুক্ষু যিনি হবেন তাঁকে আচরণ করতে হবে ন্যাসিক বা ট্রাস্টির মতন। ট্রাস্টির হাতে প্রচুর বিভ্রাস্তম্পদ থাকতে পারে, কিন্তু তার একটি পাই পয়সাও তিনি নিজের বলে মনে করেন না। হৃদয়ের পরিবর্তন ও স্বভাবের পরিবর্তন ব্যতিরেকে মানুষ যে অপরিগ্রহ ও সমভাবের চর্চা করতে পারে না—এটা আমার কাছে দিনের আলোর মত স্পষ্ট হয়ে উঠল।”

তিনি রেবাশংকর ভাইকে লিখলেন তিনি যেন গান্ধীর জীবনবীমার পলিসি বাতিল হয়ে যেতে দেন। পিতৃপতিম দাদাকে লিখলেন, এতদিন ধরে গান্ধী যা সঞ্চয় করেছেন, তা দাদার হাতে তুলে দিয়েছেন। ভবিষ্যতে যদি কিছু জমে, ভবিষ্যতে তা আফ্রিকার ভারতীয় সম্প্রদায়ের জন্য ব্যয় করা হবে।

বোম্বাই শহরে পেস্তনজি বাদশাহ্ নামে একজন পার্সি মহাপণ্ডিত বাস করতেন। তাঁর আত্মকথায় গান্ধী তাঁর নাম একাধিক বার উল্লেখ করেছেন। পারস্পরিক যোগসূত্রের কারণ দু’জনেই ছিলেন নিরামিষ আহারের পক্ষে। তাঁর অসামান্য পাণ্ডিত্যের জন্য তিনি ছিলেন যশস্বী। গান্ধীজি যখন বোম্বাই-এ দেখা করতে আসেন, তিনি ছিলেন সুবৃহৎ গুজরাতি ভাষা কোষ সংকলনে মগ্ন। গান্ধী তাঁকে আহ্বান করলেন দক্ষিণ আফ্রিকা যেতে গান্ধীর কাজে সাহায্য করতে। পেস্তনজি গান্ধীকে বললেন, “ভেবে দেখো ভারতবর্ষে কী নিদারুণ দারিদ্র্য। এসো, আমরা একজেট হয়ে ভারতে স্বায়ত্তশাসন লাভের জন্য সংগ্রাম করি। দেশ স্বাধীন হলে প্রবাসী

ভারতীয়দের দুঃখকষ্ট লাঘবের জন্য চেষ্টা করতে পারি”।

মাতৃভূমি ও মাতৃভাষার প্রতি তাঁর গভীর প্রেম গান্ধীকে অভিভূত করেছে। এই ঘটনার ফলে গান্ধী আরও নিকট-সান্নিধ্য অনুভব করেছেন। কিন্তু গান্ধী দক্ষিণ আফ্রিকা তখন ছেড়ে আসতে চাননি। তাঁর যুক্তি হল, “দেশভক্ত যিনি হবেন, মাতৃভূমির সেবার জন্য তাঁকে যে কোনরকম কাজ বরণ করে নিতে হবে। কোনো কাজ তাঁর উপেক্ষা করা সাজে না”। আত্মজীবনীতে তিনি লিখেছেন,

“আমার পক্ষে পথনির্দেশের কাজ করেছে গীতার সেই অমোঘ বাণী :

শ্রেয়ান্ স্বধর্মো বিগুণঃ পরধর্মাৎ স্বনৃষ্ঠীতাৎ।

স্বধর্মে নিধনং শ্রেয়ঃ পরধর্ম ভয়াবহঃ।।

স্বধর্মের অনুষ্ঠান ত্রুটিযুক্ত হলেও উত্তমরূপে অনুষ্ঠিত পরধর্ম অপেক্ষা উৎকৃষ্ট। স্বধর্ম সাধনে নিধনং শ্রেয়/যেহেতু অপরের ধর্ম ভয়াবহ।”

গীতার এই শ্লোকটির ব্যাখ্যা প্রসঙ্গে নানা মত আছে। এখানে গান্ধীর মতটি জানালাম।

১৯৯৪ সালে নবজীবন ট্রাস্ট প্রকাশ করে হিন্দুধর্ম সম্পর্কে মহাত্মা গান্ধীর ভাবনা চিন্তা। ১৯৯৬ সালে ন্যাশনাল বুক ট্রাস্ট প্রকাশ করে ওই বইটির বাংলা অনুবাদ। অনুবাদক বিখ্যাত সাহিত্যিক মহাশ্বেতা দেবী। বাংলা ভাষায় অনুবাদের শিরোনাম *হিন্দুধর্ম কী*। এই প্রসঙ্গে গান্ধীজির কিছু মূল্যবান মতামত প্রকাশিত হয়েছিল *ইয়ং ইনডিয়া* পত্রিকার নানা সংখ্যায়। সেগুলির নির্বাচিত সংকলন প্রকাশিত হয়েছে এই মূল্যবান পুস্তিকায়।

